নুশিন ইলেকট্রনিক্স
প্রোঃ মোঃ রেদওয়ান

এখানে সকল প্রকার ব্যাটারী (আইপিএস, গাড়ি, সৌর বিদ্যুৎ, চার্জার ফ্যানসহ অন্যান্য ব্যাটারী), ইলেকট্রিক মালামাল ও হাইব্রিড সোলার বিক্রয় এবং সরবরাহ করা হয়।
স্টেডিয়াম রোড, (টি.এন.টি অফিস সংলগ্ন) চাঁদপুর।
মোবাইল : ০১৮১৮৩১৭৮২৪, ০১৯৬১১০০৩০৫



দৈনিক
# চাঁদপুর দিগন্ত
The Daily Chandpur Diganta
সত্য প্রকাশে অবিচল
সরকারি বিজ্ঞাপন তালিকাভুক্ত
রোববার
রেজিঃ নং-চ-৫১৩
২৭ সেপ্টেম্বর ২০২৬
২১ তম বর্ষ : সংখ্যা-৫৪
১২ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
১৪ রবি: সানি ১৪৪৮ হিজরী
মূল্য ৫ টাকা
E-mail : dailydiganta@gmail.com
Website : www.chandpurdiganta.com


চাঁদপুর আল আমিন সোসাইটি কর্তৃক প্রতিষ্ঠিত ও পরিচালিত

## আল আমিন একাডেমী স্কুল অ্যান্ড কলেজ পরিচালনায় সরকারি নগ্ন হস্তক্ষেপ

চাঁদপুর দিগন্ত রিপোর্ট

চাঁদপুর আল আমিন সোসাইটি কর্তৃক প্রতিষ্ঠিত ও পরিচালিত ঐতিহ্যবাহী শিক্ষাপ্রতিষ্ঠান আল আমিন একাডেমী স্কুল অ্যান্ড কলেজ চাঁদপুর এর পরিচালনা পর্ষদ পরিবর্তনে ফ্যাসিবাদী আ'লীগ আমলের চিঠির উপর ভিত্তি করে বেআইনীভাবে সরকারী নগ্ন হস্তক্ষেপের অভিযোগ করছে চাঁদপুর আল আমিন সোসাইটি কর্তৃপক্ষ।

এ নিয়ে ২০ সেপ্টেম্বর ২৬ শিক্ষা মন্ত্রণালয়ের পক্ষ থেকে কুমিল্লা শিক্ষাবোর্ড পরিচালিত প্রতিষ্ঠানের গভর্নিং বডি বাতিল করে জেলা প্রশাসকের প্রতিনিধি হিসেবে উপজেলা নির্বাহী অফিসারকে সভাপতি হিসেবে দায়িত্ব পালনের নির্দেশ দেন।




আল আমিন সোসাইটির সেক্রেটারী থেকে জানা যায়, ১৯৭৭ সালের ৭ জানুয়ারি 'আল-আমিন সোসাইটি' প্রতিষ্ঠিত হয়ে ১৯৮০ সালের ১৬ জুলাই সরকারীভাবে রেজিস্টেশন লাভ করেন। সোসাইটির উদ্যোগে ১৯৭৮ সালের ২২ জানুয়ারি আল-আমিন একাডেমির কার্যক্রম শুরু হয়। ১৯৮৪ সালের ১৫ মে জুনিয়র স্কুল হিসেবে অনুমোদন এবং ১৯৮৬ সালের ১১ আগস্ট মাধ্যমিক স্কুল হিসেবে কুমিল্লা শিক্ষাবোর্ডের স্বীকৃতি লাভ করে প্রতিষ্ঠানটি। ১৯৮৬ সালের ১লা এপ্রিল প্রথম এক্সিকিউটিভ কমিটি অনুমোদন করে কুমিল্লা শিক্ষাবোর্ড।

১৯৮৮ সালের ১৫ আগস্ট কুমিল্লা শিক্ষাবোর্ড চেয়ারম্যান শিক্ষা সচিবকে চিঠি লিখেন একাডেমীকে আল আমিন সোসাইটি পরিচালিত প্রতিষ্ঠান হিসেবে অনুমোদন দেয়া যাবে। উক্ত চিঠির আলোকে শিক্ষা মন্ত্রনালয় ১৯৮৮ সালের ২৭ অক্টোবর সোসাইটি পরিচালিত কমিটি অনুমোদনের অনুমতি প্রদান করেন। সেই থেকে ১৮/০৩/২০১৯ তারিখ পর্যন্ত একাডেমী সোসাইটি পরিচালিত প্রতিষ্ঠান হিসেবে ১৭টি কমিটি কুমিল্লাবোর্ড অনুমোদন দিয়ে আসছে।

২০০২ সালে উচ্চ মাধ্যমিক শাখা খোলা হয় এবং ২০০৪ সালে উচ্চ মাধ্যমিক শাখার স্বীকৃতি লাভ করে। ২০২৫ সালের ১৩ আগস্ট শিক্ষা মন্ত্রণালয় এবং ২৫ সালের ২৭ অক্টোবর শিক্ষাবোর্ড একাডেমীকে ● ২-এর পাতায় দেখুন

## মতলবে পানিতে ডুবে শিশুর মৃত্যু

মতলব উত্তর প্রতিনিধি

মতলব উত্তর উপজেলার উত্তর শিকিরচর গ্রামে পুকুরের পানিতে ডুবে সিফাত নামে ৫ বছরের এক শিশুর মৃত্যু হয়েছে। শুক্রবার (২৫ সেপ্টেম্বর-২০২৬) সকলের এ ঘটনা ঘটেছে। সিফাত ফারুক প্রধানের ছেলে।

স্থানীয় সূত্রে জানা যায়, সকলের অগোচরে বাড়ির পাশে থাকা পুকুরের পানিতে পড়ে যায় সে। পরিবারের সদস্যরা শিশুটিকে দেখতে না পেয়ে বিভিন্ন স্থানে খোঁজাখুঁজি শুরু করেন।এক পর্যায়ে পুকুরের পানিতে শিশুটির পায়ের জুতা ভাসতে দেখা যায়। পরে পানিতে নেমে খোঁজাখুঁজি করে সিফাতকে উদ্ধার করা হয়। দ্রুত তাকে মতলব উত্তর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যাওয়া হলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। শিশুটির এমন মর্মান্তিক মৃত্যুতে পরিবার ও স্থানীয়দের মধ্যে শোকের ছায়া নেমে এসেছে।




## মতলব উত্তরে লঞ্চ থেকে পড়ে মেঘনায় নিখোঁজ যুবকের মরদেহ উদ্ধার

স্টাফ রিপোর্টার

মতলব উত্তর উপজেলার ষাটনল ঘাটে লঞ্চ থেকে মেঘনা নদীতে পড়ে গিয়ে নিখোঁজ যুবকের মরদেহ উদ্ধার করা হয়েছে।

মৃত রবিন (৩০) নারায়ণগঞ্জে মা-বাবার সঙ্গে বসবাস থাকতেন। গত শুক্রবার তিনি মতলব উত্তরের বাগানবাড়ী ইউনিয়নের নবীপুর গ্রামে শ্বশুরবাড়ি যাচ্ছিলেন।

শনিবার দুপুর আড়াইটার দিকে ষাটনল লঞ্চঘাটের পাশে মেঘনা নদী থেকে বিআইডব্লিউটিএ ও ফায়ার সার্ভিসের ডুবুরি দল তার মরদেহ উদ্ধার করে।

চাঁদপুর ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার ● ২-এর পাতায় দেখুন



চাঁদপুর পৌর এবং সদর উপজেলা বিএনপি'র মিছিল।

## চাঁদপুর পৌর এবং সদর উপজেলা বিএনপি'র সমাবেশ ও মিছিল

শহর প্রতিনিধি

পরিকল্পিত সন্ত্রাস ও অপতৎপরতার মাধ্যমে নিষিদ্ধ সংগঠন দেশকে অস্থিতিশীল করার প্রতিবাদে চাঁদপুরে বিশাল বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। শনিবার (২৬ সেপ্টেম্বর) বিকেলে চাঁদপুর পৌর বিএনপি ও সদর উপজেলা বিএনপি'র যৌথ উদ্যোগে কেন্দ্র ঘোষিত কর্মসূচির অংশ হিসেবে জেলা বিএনপি কার্যালয়ের সামনে এই কর্মসূচি পালন করা হয়।

চাঁদপুর পৌর বিএনপির সভাপতি আক্তার হোসেন মাঝির সভাপতিত্বে এবং সদর উপজেলা বিএনপির সভাপতি আলহাজ্ব শাহজালাল মিশনের সঞ্চালনায় নেতৃবৃন্দ আরও হুঁশিয়ারি দিয়ে বলেন, "নিষিদ্ধ ঘোষিত আওয়ামী লীগ, যুবলীগ ও ছাত্রলীগের সন্ত্রাসীরা যদি মানুষের জানমাল নিয়ে ছিনিমিনি খেলতে চায় কিংবা গুপ্ত হামলা ও নৈরাজ্য সৃষ্টি করে আতঙ্ক ছড়ানোর চেষ্টা করে, তবে জনগণকে সঙ্গে নিয়ে রাজপথেই তা মোকাবিলা করা হবে। দেশে কোনো সন্ত্রাসের রাজত্ব চলতে দেওয়া হবে না। তারেক রহমানের দিকনির্দেশনায় সুন্দর বাংলাদেশ গড়ার লক্ষ্যে অপশক্তি রোধে তৃণমূল পর্যায় পর্যন্ত দলীয় ঐক্য বজায় রাখতে হবে।"

সমাবেশে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন পৌর বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট হারুনুর রশীদ, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক হযরত আলী ঢালী, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক অ্যাডভোকেট শামসুল ইসলাম মন্টু, পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক শরিফ উদ্দিন আহমেদ পলাশ, সদর উপজেলা বিএনপির সহ-সভাপতি মোশারফ সিকদার, সাংগঠনিক সম্পাদক অ্যাডভোকেট জসিম মেহেদী, তোফাজ্জল হোসেন, পৌর বিএনপির সহ-সভাপতি হুমায়ুন কবির হুমা, যুগ্ম সম্পাদক ইমান আলী মিয়াজী ও কবির মিয়াজীসহ স্থানীয় নেতৃবৃন্দ।

## চাঁদপুরে ১ম কমিউনিটি পুলিশ কাবাডি চ্যাম্পিয়নশিপ ফাইনালে শাহরাস্তি থানা

শাহরাস্তি প্রতিনিধি

চাঁদপুরে অনুষ্ঠিত ১ম কমিউনিটি পুলিশ কাবাডি চ্যাম্পিয়নশিপ-২০২৬-এর ফাইনালে উঠেছে শাহরাস্তি থানা কাবাডি দল। শনিবার (২৬ সেপ্টেম্বর) চাঁদপুর পুলিশ লাইন্স মাঠে অনুষ্ঠিত সেমিফাইনাল খেলায় মতলব দক্ষিণ থানা কাবাডি দলকে পরাজিত করে ফাইনালের টিকিট নিশ্চিত করে শাহরাস্তি থানা দল।

সেমিফাইনালের শুরু থেকেই দুই দলের খেলোয়াড়দের মধ্যে ছিল তীব্র প্রতিদ্বন্দ্বিতা। আক্রমণ ও রক্ষণভাগে উভয় দলই নিজেদের ● ২-এর পাতায় দেখুন

## চাঁদপুর-ঢাকা নৌপথে লঞ্চভাড়া বৃদ্ধি

স্টাফ রিপোর্টার

জ্বালানি তেলের দাম বাড়ার পর চাঁদপুর-ঢাকা নৌপথে লঞ্চভাড়া বাড়ানো হয়েছে। এতে এ পথে কমতে শুরু করেছে যাত্রী চলাচলা। লোকসানের কারণে কমিয়ে দেওয়া হয়েছে লঞ্চের সংখ্যা ও শিডিউল। মালিকদের দাবি, প্রতিটি লঞ্চে দৈনিক ৩০ থেকে ৪০ হাজার টাকা পর্যন্ত লোকসান হচ্ছে।

বৃহস্পতিবার (২৪ সেপ্টেম্বর) থেকে ঢাকা থেকে চাঁদপুরগামী লঞ্চগুলোতে নতুন ভাড়ার তালিকাও ● ২-এর পাতায় দেখুন



হাজীগঞ্জে জামায়াতে ইসলামীর দিনব্যাপী কর্মী শিক্ষা শিবিরে প্রধান অতিথির বক্তব্য রাখছেন কেন্দ্রীয় মজলিসে শুরা সদস্য ও নোয়াখালী জেলা আমীর ইসহাক খন্দকার।

## হাজীগঞ্জে জামায়াতে ইসলামীর কর্মী শিক্ষা শিবির

হাজীগঞ্জ প্রতিনিধি

বাংলাদেশ জামায়াতে ইসলামী হাজীগঞ্জ পৌরসভার উদ্যোগে বাছাইকৃত কর্মীদের নিয়ে দিনব্যাপী কর্মী শিক্ষা শিবির অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (২৬ সেপ্টেম্বর ২০২৬) হাজীগঞ্জ পৌরসভার নিজস্ব কার্যালয়ে আয়োজিত এ কর্মী শিক্ষা শিবিরে হাজীগঞ্জ পৌর জামায়াতের আমির মোহাম্মদ আবুল হাসানাত পাটোয়ারীর পরিচালনায় এবং নায়েবে আমির ও সহকারী পরিচালক হাফেজ মাওলানা কবির হোসাইন, সেক্রেটারি ও ব্যবস্থাপক মাওলানা সাকিফুর রহমান মজুমদারের সার্বিক তত্ত্বাবধানে কর্মসূচি অনুষ্ঠিত হয়।

দিনব্যাপী এ শিক্ষা শিবিরে দারসুল কুরআন পেশ করেন জেলা শুরা ও কর্মপরিষদ সদস্য মুফাদ্দিস আবু নছর আশরাফী। 'আত্মগঠন, কর্মী গঠন ও মানোন্নয়ন'বিষয়ে দিকনির্দেশনামূলক ● ২-এর পাতায় দেখুন


কুয়েতে বিপুল পরিমাণ মাদকসহ গ্রেপ্তার হওয়া ফরিদগঞ্জের বালিথুবা পশ্চিম ইউনিয়নের ইউপি সদস্য সোহাগ গাজী।

## কুয়েতে বিপুল পরিমাণ মাদকসহ ফরিদগঞ্জের ইউপি সদস্য গ্রেফতার

ফরিদগঞ্জ প্রতিনিধি

কুয়েতের হাওয়ালি এলাকায় নিরাপত্তা বাহিনীর বিশেষ অভিযানে বিপুল পরিমাণ অবৈধ মাদকদ্রব্যসহ সোহাগ গাজী নামের এক বাংলাদেশি ইউপি সদস্যকে গ্রেপ্তার করা হয়েছে। গ্রেপ্তারকৃত সোহাগ গাজী চাঁদপুরের ফরিদগঞ্জ উপজেলার বালিথুবা পশ্চিম ইউনিয়নের ৫নং ওয়ার্ডের বর্তমান ইউপি সদস্য। শুক্রবার (২৫ সেপ্টেম্বর) বাংলাদেশ সময় বিকেলে কুয়েতের হাওয়ালি গভর্নরেটের সালমিয়া এলাকা থেকে তাঁকে গ্রেপ্তার করা হয়। দেশটির স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের বরাত দিয়ে স্থানীয় গণমাধ্যমগুলো এই তথ্য নিশ্চিত করেছে। কুয়েত পুলিশ ও স্থানীয় সূত্র জানায়, সালমিয়া এলাকার একটি খোলা পার্কিং স্থানে সোহাগ গাজীর সন্দেহজনক চলাফেরা দেখে দায়িত্বরত টহল পুলিশ তাঁকে থামিয়ে জিজ্ঞাসাবাদ করে। পরবর্তীকালে তাঁর দেহ তল্লাশি চালিয়ে নিষিদ্ধ মাদকদ্রব্য উদ্ধার করা হয়। প্রাথমিক জিজ্ঞাসাবাদে আটক সোহাগ গাজী স্বীকার করেন, তিনি ডিজিটাল বার্তার (সোশ্যাল মিডিয়া/মেসেজিং অ্যাপ) মাধ্যমে খদ্দেরদের নির্দিষ্ট স্থান জানিয়ে দিয়ে গোপনে এসব নিষিদ্ধ দ্রব্য সরবরাহ করে আসছিলেন। পরবর্তী সময়ে তাঁর দেওয়া তথ্যের ভিত্তিতে আইনি প্রক্রিয়া শেষে তাঁর বাসস্থানে অভিযান চালায় কুয়েত পুলিশ। ওই তল্লাশি অভিযানে তাঁর বাসা থেকে ছোট প্যাকেটে বিক্রির জন্য সংরক্ষিত বিপুল পরিমাণ নিষিদ্ধ উপাদান, সূক্ষ্ম ওজন পরিমাপক স্কেল এবং মাদক সেবনের নানা সরঞ্জাম জব্দ করা হয়। বর্তমানে গ্রেপ্তারকৃত ইউপি সদস্য এবং জব্দকৃত আলামত পরবর্তী আইনগত ব্যবস্থার ● ২-এর পাতায় দেখুন

## চাঁদপুরে ১ বছরে ইলিশের ডিমের দাম দ্বিগুণ, কমেছে ব্যবসায়ী

স্টাফ রিপোর্টার

ইলিশের ভরা মৌসুম চললেও নদী ও বাজারে ইলিশের ব্যাপক সংকট দেখা দিয়েছে। আর এই ইলিশ সংকটের নেতিবাচক প্রভাব পড়েছে ডিমের বাজারেও। সরবরাহ কম থাকায় গত বছরের তুলনায় এবার ডিমের দাম কেজিতে বেড়েছে প্রায় দ্বিগুণ।

বর্তমানে খুচরা ও পাইকারি বাজারে ডিমের চড়া দাম দেখে হতাশ ক্রেতারা। ডিমের চাহিদা ব্যাপক থাকলেও নদী থেকে পর্যাপ্ত মাছ না পাওয়ায় এই সংকট তৈরি হয়েছে বলে জানিয়েছেন স্থানীয় ব্যবসায়ী ও সংশ্লিষ্টরা।


ইলিশের ১ কেজি ডিমের জন্য কাটতে হয় ১০ থেকে ১৫ কেজি মাছ।

ইলিশের বাড়ি খ্যাত চাঁদপুরে এবার ইলিশের পাশাপাশি মাছের ডিমের বাজারেও চলছে চরম সংকট ও অস্বাভাবিক মূল্যবৃদ্ধি। পর্যাপ্ত পরিমাণে ইলিশ ও ডিমের যোগান না থাকায় দাম এখন আকাশছোঁয়া।

ব্যবসায়ীরা বলছেন, ইলিশের ডিম মূলত দুই ধরনের হয়। একটি সাগরের ইলিশের ডিম, অপরটি নদীর ইলিশের ডিম। নদীর তুলনায় সাগরের ইলিশের দাম অপেক্ষাকৃত ৫০০ থেকে ১ হাজার টাকা কম।

ক্রেতারা বলছেন, গত বছরের তুলনায় চলতি মৌসুমে ইলিশের ডিমের দাম প্রায় দ্বিগুণ হয়েছে। ডিমের মান ও কোয়ালিটি অনুযায়ী ইলিশের এক কেজি ডিম বিক্রি হচ্ছে সাড়ে চার হাজার ● ২-এর পাতায় দেখুন

## চাঁদপুরে ২শ' শিক্ষার্থীর অংশগ্রহণে সিরাত পাঠ প্রতিযোগিতা

শহর প্রতিনিধি

চাঁদপুরে স্কুলশিক্ষার্থীদের অংশগ্রহণে সিরাত পাঠ প্রতিযোগিতা অনুষ্ঠিত হচ্ছে। শনিবার (২৬ সেপ্টেম্বর) শহরের উপকণ্ঠে জামিয়া দারুল ঈমান বেগম মসজিদ কমপ্লেক্সে আয়োজিত এ প্রতিযোগিতায় চাঁদপুরের বিভিন্ন স্কুলের প্রায় ২০০ শিক্ষার্থী অংশ নিয়েছে।

আয়োজক সূত্রে জানা গেছে, প্রতিযোগিতায় মুসলিম শিক্ষার্থীদের পাশাপাশি কয়েকজন অমুসলিম শিক্ষার্থীও অংশগ্রহণ করেছে। এ আয়োজনকে ঘিরে শিক্ষার্থী, অভিভাবক ও শিক্ষকদের মধ্যে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা দেখা গেছে।

প্রতিযোগিতায় অংশগ্রহণকারী শিক্ষার্থীরা নির্ধারিত 'সীরাতে খাতামুল আম্বিয়া' বই পড়াশোনা ● ২-এর পাতায় দেখুন

## ফরিদগঞ্জে চতুর্থ শ্রেণির ছাত্রীকে ধর্ষণের অভিযোগ, বৃদ্ধ গ্রেফতার

ফরিদগঞ্জ প্রতিনিধি


ধর্ষণের অভিযোগে আটক মুকবুল ছৈয়াল।

ফরিদগঞ্জে স্কুল থেকে বাড়ি ফেরার পথে চতুর্থ শ্রেণির এক ছাত্রীকে (১১) ধর্ষণের অভিযোগ উঠেছে। এ ঘটনায় মুকবুল ছৈয়াল (৬৫) নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে পুলিশ। শনিবার (২৬ সেপ্টেম্বর) আদালতের মাধ্যমে তাকে কারাগারে পাঠানো হয়েছে।

পুলিশ ও মামলা সূত্রে জানা যায়, শিশুটি পূর্ব গোবিন্দপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের চতুর্থ শ্রেণির শিক্ষার্থী। বাবা-মায়ের বিচ্ছেদের পর মা প্রবাসে থাকায় সে নানির সঙ্গে বসবাস করত।

ভুক্তভোগীর পরিবারের অভিযোগ, মঙ্গলবার (২২ সেপ্টেম্বর) স্কুল থেকে বাড়ি ফেরার পথে মুকবুল ছৈয়াল কৌশলে শিশুটিকে ডেকে তার বসতঘরে নিয়ে যান। সেখানে তাকে ধর্ষণ করা হয় বলে অভিযোগ। পরে বিষয়টি কাউকে না জানাতে শিশুটিকে ভয়ভীতি দেখানো হয়। পরদিন রাতে অসুস্থতা অনুভব করলে শিশুটি তার নানির কাছে বিষয়টি জানায়। পরে তাকে প্রথমে ফরিদগঞ্জ ডায়াবেটিকস হাসপাতালে নেওয়া হয়। সেখান থেকে চাঁদপুর ২৫০ শয্যাবিশিষ্ট সরকারি জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়। বর্তমানে শিশুটি ● ২-এর পাতায় দেখুন

## শাহরাস্তি স্বাস্থ্য কমপ্লেক্সে প্রথমবার সাপেকাটা রোগীকে অ্যান্টিভেনম

শাহরাস্তি প্রতিনিধি

শাহরাস্তি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রথমবারের মতো সাপের কামড়ে অসুস্থ আট সপ্তাহের অন্তঃসত্ত্বা নারীকে অ্যান্টি-স্নেক ভেনম (এএসভি) দেওয়া হয়েছে।

বুধবার রাতে চিকিৎসা দেওয়ার পর শারীরিক অবস্থার কিছুটা উন্নতি হলে উন্নত চিকিৎসার জন্য তাকে কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠিয়ে দেন চিকিৎসক।

বৃহস্পতিবার (২৪ সেপ্টেম্বর) সকালে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (ইউএইচএফপিও) ডা. মো. আবু নাছের শাকিল এ তথ্য জানান।

হাসপাতাল সূত্রে জানা গেছে, উপজেলার চিতোষী পূর্ব ইউনিয়নের মনিপুর গ্রামের ২৩ বছর বয়সি ওই নারীকে বুধবার রাত আনুমানিক ৮টার দিকে সাপে কামড় দেয়। রাত ৯টার দিকে স্বজনরা তাকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগে নিয়ে আসেন।

পরে জরুরি বিভাগে কর্তব্যরত চিকিৎসক ডা. নুরুন নবী জুয়েল রোগীকে পরীক্ষা করেন। এ সময় কামড়ের স্থান কালো ও ফোলা ছিল। পরে রোগীর মধ্যে পটসিস ও ব্রোকেন নেক সাইনসহ ● ২-এর পাতায় দেখুন


স্থান পরিবর্তন
পুরাতন ঠিকানা
নতুন বাজার মোড়, চাঁদপুর।
নতুন ঠিকানা
বিদ্যুৎ অফিসের অপর পাশে, নতুনবাজার, চাঁদপুর।
নিউ ক্যাফে ঝীল হোটেল এন্ড রেষ্টুরেন্ট
মোবাইল : ০১৮১৯-১৪২০২৫, ০১৭৩৪-৮৩৫২০৪












দৈনিক চাঁদপুর দিগন্ত
The Daily Chandpur Diganta সত্য প্রকাশে অবিচল
রোববার ২৭ সেপ্টেম্বর ২০২৬, ১২ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ, ১৪ রবিঃ সানি ১৪৪৮ হিজরী




# মতলব দক্ষিণে মেধাতালিকায় প্রথম হয়েও নিয়োগপত্র পাননি তামান্না, দিলেন অভিশাপ

**মতলব দক্ষিণ প্রতিনিধি**

মতলব দক্ষিণ উপজেলায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক নিয়োগ-২০২৫-এর মেধাতালিকায় প্রথম হয়েও নিয়োগপত্র পাননি তামান্না। লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হয়ে চূড়ান্তভাবে সুপারিশপ্রাপ্ত হওয়ার পর দীর্ঘ আট মাস অপেক্ষা করেও শেষ পর্যন্ত তার নামে নিয়োগপত্র ইস্যু হয়নি।

বৃহস্পতিবার (২৪ সেপ্টেম্বর) পুলিশ ও এনএসআইয়ের ভেরিফিকেশনে বাদ পড়ার কারণে তার নিয়োগপত্র দেওয়া হয়নি বলে জানা গেছে। তামান্নার অভিযোগ, তাকে 'পলিটিক্যাল ট্যাগ' দিয়ে নিয়োগ থেকে বাদ দেওয়া হয়েছে। তবে তিনি দাবি করেছেন, তিনি কিংবা তার পরিবারের কোনো সদস্য কখনো রাজনীতির সঙ্গে সম্পৃক্ত ছিলেন না।

তামান্না মতলব দক্ষিণ উপজেলার মেধাতালিকায় প্রথম এবং পুরো জেলায় ১১তম অবস্থানে ছিলেন। সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক


*মেধাতালিকায় প্রথম হয়েও নিয়োগপত্র পাননি মতলবের তামান্না।*

নিয়োগ-২০২৫-এর লিখিত ও মৌখিক পরীক্ষায় সফলভাবে উত্তীর্ণ হওয়ার পর তিনি চূড়ান্তভাবে সুপারিশপ্রাপ্ত হন।

নিজের শিক্ষাগত যোগ্যতার কথা উল্লেখ করে সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া এক পোস্টে তামান্না জানান, তিনি হবিগঞ্জের বৃন্দাবন সরকারি কলেজের ইংরেজি বিভাগ থেকে অনার্সে ফার্স্ট ক্লাস অর্জন করেন এবং বিভাগে দ্বিতীয় হন। পরে নারায়ণগঞ্জের সরকারি তোলারাম কলেজ থেকে মাস্টার্সে ফার্স্ট ক্লাস অর্জনের পাশাপাশি বিভাগে প্রথম হন।

ফেসবুক পোস্টে তামান্না লেখেন, 'জন্মই আমার আজন্ম পাপ! আমি এ রাষ্ট্রযন্ত্রকে ধিক্কার জানাই! এ যেন কষ্ট করে পাওয়া চাকরিটাকে ছিনিয়ে নেওয়া, এ যেন মায়ের কোল থেকে একটা সন্তানকে ছিনতাই করা!'

তিনি আরও লেখেন, 'প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ-২০২৫ এ আমি চূড়ান্তভাবে সুপারিশপ্রাপ্ত হয়েছিলাম। আমার একাডেমিক সকল সার্টিফিকেট ভালো। লিখিত ও ভাইবা পরীক্ষায় সফলতার সাথে উত্তীর্ণ হয়ে আমার উপজেলায় চাঁদপুর জেলার ● ২-এর পাতায় দেখুন



## ১ মাসের বেশি সময় নিখোঁজ ফরিদগঞ্জের মাদ্রাসা পড়ুয়া ছাত্র

**দিগন্ত ডেস্ক**

ফরিদগঞ্জ উপজেলার বালিথুবা পশ্চিম ইউনিয়নের ২নং ওয়ার্ডের সকদিরামপুর গ্রামের আবুল হোসেনের পুত্র মাদ্রাসা পড়ুয়া ছাত্র ইয়াছিন (১৫) গত মাসের ৮ আগস্ট থেকে নিখোঁজ রয়েছে। তার স্বজনরা বিভিন্ন স্থানে খোঁজ করেও তার সন্ধান পায়নি। এব্যাপারে ফরিদগঞ্জ থানার জিডি নং- ৫৯৫।
● ২-এর পাতায় দেখুন

# চাঁদপুর জেলা পুলিশের আয়োজনে ১ম কমিউনিটি পুলিশ কাবাডি চ্যাম্পিয়নশিপ এর শুভ উদ্বোধন

**নিজস্ব প্রতিবেদক**

মাদকবিরোধী জনসচেতনতা বৃদ্ধি, কিশোর গ্যাং প্রতিরোধ এবং যুবসমাজকে খেলাধুলা ও ইতিবাচক কর্মকাণ্ডে সম্পৃক্ত করার লক্ষ্যে চাঁদপুরে জেলা পুলিশের আয়োজনে ১ম কমিউনিটি পুলিশ কাবাডি চ্যাম্পিয়নশিপ-২০২৬ এর শুভ উদ্বোধন করা হয়েছে।

২৫ সেপ্টেম্বর আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে চ্যাম্পিয়নশিপের উদ্বোধন ঘোষণা করেন চাঁদপুরের পুলিশ সুপার মোঃ মিজানুর রহমান।


*চাঁদপুর জেলা পুলিশের আয়োজনে ১ম কমিউনিটি পুলিশ কাবাডি চ্যাম্পিয়নশিপ এর শুভ উদ্বোধন ঘোষণা করছেন পুলিশ সুপার মোঃ মিজানুর রহমান।*

অনুষ্ঠানে বক্তারা বলেন, খেলাধুলার মাধ্যমে তরুণদের মাদক, কিশোর গ্যাং ও অপরাধমূলক কর্মকাণ্ড থেকে দূরে রাখা সম্ভব। পাশাপাশি কমিউনিটি পুলিশিংয়ের মাধ্যমে পুলিশ ও জনগণের মধ্যে পারস্পরিক আস্থা, সম্পৃক্ততা ও সৌহার্দ্য আরও সুদৃঢ় হবে।

এ ধরনের আয়োজন তরুণ প্রজন্মের মধ্যে শৃঙ্খলা, নেতৃত্বের গুণাবলি, দরস্পরিক সহযোগিতা ও ইতিবাচক মানসিকতা বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে প্রত্যাশা ব্যক্ত করা হয়। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সহকারী পুলিশ সুপার (শিক্ষানবিশ) মিয়াজী আলিফ ইমরান। এ সময় অতিরিক্ত ● ২-এর পাতায় দেখুন


*হাজীগঞ্জ প্রেসক্লাব ও ব্যবসায়ী সমিতির নেতৃবৃন্দের মতবিনিময় সভায় বক্তব্য রাখছেন হাজীগঞ্জ বাজার ব্যবসায়ী সমিতির সভাপতি সালাউদ্দিন ফারুক মামুন*

## হাজীগঞ্জ প্রেসক্লাব ও বাজার ব্যবসায়ী সমিতির নেতৃবৃন্দের মতবিনিময়

**ইউসুফ বেপারী**

হাজীগঞ্জ প্রেসক্লাব ও হাজীগঞ্জ বাজার ব্যবসায়ী সমিতির নেতৃবৃন্দের মধ্যে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। সাংবাদিক ও ব্যবসায়ী প্রতিনিধিদের মধ্যে পারস্পরিক দূরত্ব কমিয়ে সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক গড়ে তোলা এবং হাজীগঞ্জ বাজারের বিভিন্ন সমস্যা সমাধানে সমন্বিতভাবে কাজ করার লক্ষ্যে এ সভার আয়োজন করা হয়।

শনিবার (২৬ সেপ্টেম্বর) সকালে হাজীগঞ্জ প্রেসক্লাবে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় হাজীগঞ্জ প্রেসক্লাবের সভাপতি এএসএম কামরুজ্জামান টুটুলের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক পাপ্পু মাহমুদের সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন হাজীগঞ্জ বাজার ● ২-এর পাতায় দেখুন

## শাহরাস্তিতে শিক্ষার্থীদের নিয়ে ছাত্রশিবিরের নৌভ্রমণ

**সাইফুদ্দীন**

শাহরাস্তিতে পাথৈর দাখিল মাদরাসার শিক্ষার্থীদের নিয়ে বাংলাদেশ ইসলামী ছাত্রশিবিরের উদ্যোগে নৌভ্রমণ অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (২৬ সেপ্টেম্বর) উপজেলার চিতোষী পশ্চিম ইউনিয়নের ১নং ওয়ার্ডের পাথৈর দাখিল মাদরাসার শিক্ষার্থীদের অংশগ্রহণে এ নৌভ্রমণের আয়োজন করা হয়।

খিলাবাজার থেকে ট্রলারযোগে নৌভ্রমণ শুরু হয়ে সূচিপাড়া ব্রিজ অতিক্রম করে গন্ধর্ব্যপুর ব্রিজের পশ্চিম পাশে গিয়ে বিরতি দেওয়া হয়। সেখানে শিক্ষার্থীদের অংশগ্রহণে সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা শেষে সকলে ব্রিজের উপরে উঠে চাঁদের আলোর মধ্যে দলীয় সংগীত পরিবেশন করেন। অনুষ্ঠানের
● ২-এর পাতায় দেখুন

**শ্রেষ্ঠ শিক্ষক নির্বাচিত হওয়ায়**

# মতলব উত্তর নবুরকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সংবর্ধনা


*নবুরকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সংবর্ধনা অনুষ্ঠানে শ্রেষ্ঠ শিক্ষকের হাতে সম্মাননা ক্রেস্ট তুলে দিচ্ছেন মতলব উত্তর উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আলমগীর সরকার।*

**শামীম মিয়াজী**

মতলব উত্তর উপজেলার ৮৭নং নবুরকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ও শিক্ষিকা মতলব উত্তর উপজেলার শ্রেষ্ঠ শিক্ষক নির্বাচিত হওয়ায়, কৃতি শিক্ষার্থী ও নবগঠিত ম্যানেজিং কমিটির সদস্যদের সংবর্ধনা দেওয়া হয়েছে।

শনিবার (২৬ সেপ্টেম্বর) সকালে নবুরকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে এ সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবক ও বিদ্যালয় পরিচালনা কমিটির সদস্যদের অংশগ্রহণে উৎসবমুখর পরিবেশ সৃষ্টি হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন- চাঁদপুর জেলা বিএনপির সদস্য ও মতলব উত্তর উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আলমগীর সরকার। তিনি বলেন, "গুণীজনদের সম্মান করলেই গুণীজনের জন্ম হয়।" নবুরকান্দি ● ২-এর পাতায় দেখুন



*ফরিদগঞ্জে আ'লীগের নৈরাজ্য ও চক্রান্তের প্রতিবাদে পৌর স্বেচ্ছাসেবক দলের বিক্ষোভ মিছিল ও সমাবেশ।*

## ফরিদগঞ্জে স্বেচ্ছাসেবক দলের বিক্ষোভ মিছিল ও সমাবেশ

**ফরিদগঞ্জ প্রতিনিধি**

আওয়ামী লীগ ও এর সহযোগী সংগঠনগুলোর কথিত সন্ত্রাসী তৎপরতা ও নৈরাজ্য সৃষ্টির চক্রান্তের প্রতিবাদে ফরিদগঞ্জে স্বেচ্ছাসেবক দলের উদ্যোগে বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (২৬ সেপ্টেম্বর) বিকেলে উপজেলা সদরস্থ থানার মোড় এলাকা থেকে একটি বিক্ষোভ মিছিল বের হয়। মিছিলটি পৌর শহরের প্রধান প্রধান গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ শেষে পূর্ব বাজার মোড়ে এসে সংক্ষিপ্ত সমাবেশে মিলিত হয়। পৌর স্বেচ্ছাসেবক দলের ● ২-এর পাতায় দেখুন

## চাঁদপুর সাহিত্য একাডেমির ১৬তম আড্ডা

**শহর প্রতিবেদক**

সাহিত্য একাডেমির ১৬তম আড্ডা অনুষ্ঠিত হয়েছে। ২৫শে সেপ্টেম্বর শুক্রবার সন্ধ্যা ৬টায় চাঁদপুর জোড়পুকুর পাড়স্থ মোহাম্মদ নাসিরুদ্দীন মিলনায়তনে সভাটি অনুষ্ঠিত হয়। এসময় উপস্থাপক ও সঞ্চালক: সুমন কুমার দত্তের প্রানচঞ্চলতায়, শুরুতে পরিচালক (গবেষক) মুহাম্মদ ফরিদ হাসান আনুষ্ঠানিকতা শুরু করে সবাইকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে বক্তব্য রাখেন।

পরবর্তীতে কবিতা আবৃত্তি করেন তানজিল কোতোয়ালি, আনিসুর রহমান, সোলাইমান তালহা, সহ অনেকে। "স্মৃতির স্লোগান " থেকে ইয়াসিন দেওয়ান কবিতা পাঠ করেন। ছড়া পাঠ করেন কাজী রাসেল। কবি ফয়সাল মৃধা "শৈবাল" কবিতা পাঠ করেন। মোখলেসুর রহমান ভূইয়া কবিতা
● ২-এর পাতায় দেখুন

# রেমিটেন্স, রিজার্ভ ও লেনদেন ভারসাম্যের উন্নতিতে শক্তিশালী বৈদেশিক খাত

**নিজস্ব প্রতিবেদক**

প্রবাসী আয় বৃদ্ধি, বৈদেশিক মুদ্রার রিজার্ভের উন্নতি এবং সার্বিক লেনদেন ভারসাম্যে উদ্বৃত্ত এই তিন সূচকে বাংলাদেশের বৈদেশিক খাতের অবস্থান আরও শক্তিশালী হয়েছে। গত ২০২৫-২৬ অর্থবছরে দেশের সার্বিক লেনদেন ভারসাম্যে (ব্যালান্স অব পেমেন্টস) উদ্বৃত্ত প্রায় দ্বিগুণ হয়েছে। একই সময়ে বেড়েছে প্রবাসী আয় ও বৈদেশিক মুদ্রার রিজার্ভ। চলতি অর্থবছরের প্রথম দুই মাসেও এ ধারা অব্যাহত রয়েছে। বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ তথ্য অনুযায়ী, ২০২৫-২৬ অর্থবছরে দেশের সার্বিক লেনদেন ভারসাম্যে উদ্বৃত্ত দাঁড়িয়েছে ৬৬১ কোটি ডলার। আগের ২০২৪-২৫ অর্থবছরে এ উদ্বৃত্ত ছিল ৩৩৯ কোটি ডলার।



চলতি অর্থবছরের শুরুতেও প্রবাসী আয়ের প্রবাহে শক্তিশালী প্রবৃদ্ধি দেখা গেছে। পাশাপাশি আগস্ট মাসে বৈদেশিক মুদ্রার রিজার্ভ ৩৭ বিলিয়ন ডলারেরও বেশি ছিল।

বাংলাদেশ ব্যাংকের তথ্য অনুযায়ী, গত আগস্টে প্রবাসীরা দেশে পাঠিয়েছেন প্রায় ২৯৭ কোটি ডলার। গত বছরের একই মাসে এ আয় ছিল ২৪২ কোটি ডলার। সে হিসাবে এক বছরের ব্যবধানে প্রবাসী আয় বেড়েছে প্রায় ২২ দশমিক ৫ শতাংশ। জুলাই মাসের ২৮৬ কোটি ডলারের তুলনায়
● ২-এর পাতায় দেখুন

## ইরানের শান্তি প্রস্তাব 'প্রত্যাখ্যান' ট্রাম্পের

**আন্তর্জাতিক ডেস্ক**

হরমুজ প্রণালী খুলে দেওয়া ও মধ্যপ্রাচ্যে লড়াই বন্ধে ইরানের প্রস্তাব মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প প্রত্যাখ্যান করেছেন বলে জানিয়েছে ওয়াল স্ট্রিট জার্নাল। শনিবার (২৬ সেপ্টেম্বর) পর্যন্ত ওয়াশিংটনের আনুষ্ঠানিক জবাবের অপেক্ষায় ছিল তেহরান। রয়টার্স জানিয়েছে, ট্রাম্পের প্রত্যাখ্যানের খবরটি তারা তাৎক্ষণিকভাবে নিশ্চিত করতে পারেনি। ইরান জানিয়েছে, কাতারের মধ্যস্থতাকারীদের মাধ্যমে যুক্তরাষ্ট্রের কাছে প্রস্তাবটি পাঠানো হয়েছে। শুক্রবার (২৫ সেপ্টেম্বর) নিউইয়র্কে জাতিসংঘে সাংবাদিকদের ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাগচি বলেন, সমঝোতা হলে হরমুজ প্রণালী খুলে দেওয়া এবং আঞ্চলিক লড়াই স্থগিতের জন্য সাত দিনের সময় গণনা শুরু হবে। আরাগচির ভাষ্য, যুক্তরাষ্ট্র সমঝোতায় পৌঁছাতে এবং হরমুজ
● ২-এর পাতায় দেখুন




## হাইমচর থানায় পরিচ্ছন্নতা অভিযান, ওসির সঙ্গে মতবিনিময়

**আফতাবুল ইসলাম**

হাইমচর থানায় পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করেছে বিডি ক্লিন হাইমচর। একই সঙ্গে ডেঙ্গু প্রতিরোধ, পরিবেশ সুরক্ষা ও পরিচ্ছন্নতা কার্যক্রম নিয়ে হাইমচর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোঃ শাহ আলমের সঙ্গে সংগঠনটির সদস্যদের মতবিনিময় অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার (২৫ সেপ্টেম্বর) বিডি ক্লিন হাইমচরের নিয়মিত পরিচ্ছন্নতা ● ২-এর পাতায় দেখুন

## চাঁদপুরে শিক্ষার্থীদের মাঝে বড়স্টেশন কমিউনিটির শিক্ষাসামগ্রী বিতরণ

**স্টাফ রিপোর্টার**

চাঁদপুরে বড়স্টেশন কমিউনিটি স্বেচ্ছাসেবী সংগঠনের পক্ষ থেকে অসচ্ছল মেধাবী শিক্ষার্থীদের মাঝে শিক্ষা সামগ্রী বতরণ করা হয়েছে। ২৬ সেপ্টেম্বর শনিবার বিকেলে শহরের রেলওয়ে দারুল উলুম ইসলামিয়া মাদ্রাসার মাঠে এই আয়োজন করা হয়। অনুষ্ঠানে বড়স্টেশন এলাকার কয়েক শতাধিক গরিব, অসহায় ও অসচ্ছল মেধাবী শিক্ষার্থীর হাতে বিভিন্ন শিক্ষা উপকরণ তুলে দেয়া হয়। এর মধ্যে ছিল খাতা, কলম, জ্যামিতি বক্স, পরীক্ষার ফাইলসহ বিভিন্ন প্রকার শিক্ষক উপকরণ।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চাঁদপুর বড়স্টেশন কমিউনিটির উপদেষ্টা ও চাঁদপুর জেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক ফয়সাল গাজী বাহার। বিশেষ অতিথির বক্তব্য রাখেন,
● ২-এর পাতায় দেখুন




## গুপ্টি পূর্বে মাদক বিরোধী ফুটবল টুর্ণামেন্ট ও পুরস্কার বিতরণ

**ফরিদগঞ্জ প্রতিনিধি**

ফরিদগঞ্জের ৫নং গুপ্টি পূর্ব ইউনিয়নে মাদক, সন্ত্রাস, কিশোর গ্যাং বিরোধী সাংবাদিক মোছলেহউদ্দিন ক্যাডেট একাডেমি মিনি ফুটবল টুর্ণামেন্টের ফাইনাল খেলা সম্পন্ন হয়েছে। ২৫ সেপ্টেম্বর শুক্রবার বিকালে ইউনিয়নের গুপ্টি পুরাণ বাড়ী সংলগ্ন মাঠে উক্ত গ্র্যান্ড ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়। উক্ত ফাইনাল খেলায় গুপ্টি ইউনাইটেডকে ৪ গোলে হারিয়ে চ্যাম্পিয়ন হয়েছে টাইটান অফ গুপ্টি।

এসময় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, ক্যাডেট একাডেমির প্রতিষ্ঠাতা ও আসন্ন ৫ নং গুপ্টি পূর্ব ইউনিয়নের সম্ভাব্য চেয়ারম্যান প্রার্থী সাংবাদিক মোছলেহ উদ্দিন। এসময় মাদক, সন্ত্রাস, ইভটিজিং ও কিশোরগ্যাং বিরোধী ফুটবল খেলার সাফল্যের কথা তুলে ধরে তিনি বলেন, ছাত্র ও যুবসমাজের মধ্যে খেলাধুলার বিকল্প নেই। খেলাধুলা যেমন সকল খারাপ অন্যায় কাজ থেকে দূরে রাখে তেমনি শারীরিক ও মানুষিক প্রশান্তি খুজে পাওয়া যায়। এধরণের ফুটবল খেলা আগামীতেও অব্যাহত রাখতে আপনাদের পাশে
● ২-এর পাতায় দেখুন




উপদেষ্টা সম্পাদক ঃ অধ্যক্ষ মুহাম্মদ মাহবুবুর রহমান, সম্পাদক ও প্রকাশক ঃ এ্যাডভোকেট মোঃ শাহজাহান মিয়া, নির্বাহী সম্পাদক ঃ মুহাম্মদ ইলিয়াছ পাটওয়ারী, যুগ্ম সম্পাদক ঃ আব্দুস শুকুর মন্তান, ব্যবস্থাপনা সম্পাদক ঃ এ্যাডভোকেট শাহজাহান খান, যুগ্ম বার্তা সম্পাদক ঃ এম এ গফুর, মফস্বল সম্পাদক ঃ জি এম ফজলুর রহমান, বিশেষ প্রতিনিধি ঃ আবু সুফিয়ান ভূইয়া, আইটি ইনচার্জ ঃ জি এম এমরান হোসেন সম্পাদক ও প্রকাশক কর্তৃক মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর থেকে প্রকাশিত, সিরাজ অফসেট প্রেস কুমিল্লা রোড, চাঁদপুর থেকে মুদ্রিত। অফিস- মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর; ফোনঃ ০৮৪১-৬৭০৫৭ মোবাইল : ০১৭১২০৫০৩৪০, ০১৭১৫৯২৪৩০৮, ই-মেইল : digantachandpur@gmail.com, dailydiganta@gmail.com ওয়েব সাইট : www.chandpurdiganta.com

দৈনিক
চাঁদপুর দিগন্ত
রোববার ॥ ২৭ সেপ্টেম্বর ২০২৬

সম্পাদকীয়

পুলিশের কনটেন্ট তৈরি

## বিদ্যমান নীতিমালার সুস্পষ্ট লঙ্ঘন

আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের দায়িত্ব পালনকালে সামাজিক যোগাযোগমাধ্যমে সক্রিয় থাকা নিয়ে নতুন করে প্রশ্ন উঠেছে। পুলিশের কিছু সদস্য দায়িত্ব পালনের সময় ভিডিও ধারণ করে তা ব্যক্তিগত অ্যাকাউন্ট থেকে ফেসবুক, ইউটিউব, টিকটকসহ বিভিন্ন সামাজিক যোগাযোগমাধ্যমে প্রকাশ করছেন। এসব ভিডিওর কোনোটি সচেতনতামূলক, কোনোটি মানবিক সহায়তার নামে তৈরি, আবার কোনোটি অভিযান ও আটকের দৃশ্য। অনেক ভিডিও লাখ লাখ বার দেখা হচ্ছে। এতে পুলিশের কিছু সদস্য যেন আইনশৃঙ্খলা রক্ষার পাশাপাশি কনটেন্ট ক্রিয়েটর হিসেবেও পরিচিত হয়ে উঠছেন। একটি পেশাদার ও সুশৃঙ্খল বাহিনীর সদস্য হিসেবে এমন কর্মকাণ্ড সব দিক বিবেচনায় অনভিপ্রেত ও অগ্রহণযোগ্য। সম্প্রতি এক নারী স্কুটিচালককে হেলমেট না পরার কারণে পুলিশ থামিয়ে যে কথোপকথন করেছে, তার ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ব্যাপকভাবে ছড়িয়ে পড়ে। সংশ্লিষ্ট পুলিশ কর্মকর্তা জানিয়েছেন, জনসচেতনতা তৈরির উদ্দেশ্যেই ভিডিওটি প্রকাশ করেছেন। জনসচেতনতা তৈরি হোক আর মানবিক সহায়তা হোক কিংবা আটকের দৃশ্যের ভিডিও ধারণ করে সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া হোক, এটি পুলিশের বিদ্যমান নীতিমালার সুস্পষ্ট লঙ্ঘন।

## চাঁদপুরে ১ বছরে

থেকে ৬ হাজার টাকা পর্যন্ত। যা গত বছর ছিল ২৫শ থেকে ৩ হাজার টাকা।
ইলিশের ডিম কিনতে আসা আশরাফুল ইসলাম বলেন, 'চাঁদপুর ইলিশের বাড়ি। চাঁদপুরে আমরা লোকাল মানুষ, সেই হিসেবে দাম এমন অবস্থায় আছে, মানুষের নাগালের বাইরে। ডিমের দামটা একটু বেশিই মনে হচ্ছে, কারণ ডিম তো ছোট। কারণ বড় ডিমের মজাও আলাদা আর এটার মজাও ভিন্ন তো যত ডিম বড় হবে, দাম তত বাড়বে, এরকমই স্বভাব"।
ডিম কাটা শ্রমিক লিয়াকত হালদার বলেন, "গত বারের থেকে এবারের ডিমের মাছের সংখ্যাটা একটু কম। ডিমের সংখ্যা কম। এই সংকট থাকায় দামটা একটু বাড়ছে আর কি। গতবার আমরা বেচছি ৩ হাজার হাইয়েস্ট, এবার বেচতেছি, আমার তো ডেইলি ১০০, ১৫০, ২০০ কেজি দিয়ে ডিম হইতো। আবার ১০-১২ জন মোট টোটালে কাটতো। এবার আরও পাটিও আয়ে না। শুধু আমরা দুইজন গাড়ি (কাটি) ডিম। তো আজকে ১০ কেজি ডিম হবে, তিন-চারদিন পরে আজকে মনে হয় ১০ কেজি ডিম হবে"।
চাঁদপুর মাছঘাটে অনলাইনে ইলিশের ডিম বিক্রি করেন হযরত আলী। তিনি বলেন, "ইলিশের ডিমের চাহিদা আছে। কিন্তু মাছের দাম বেশি দেইখা অনেক কাস্টমার ফিরে যায়"।
চাঁদপুর বড় স্টেশন ইলিশঘাটে ইলিশের ডিম বিক্রেতাও কমেছে। আগে ১০/১২ জন ডিম ব্যবসায়ী থাকলেও এখন ২/৩ জন। ইলিশের উৎপাদন স্বাভাবিক থাকলে দাম কমানো সম্ভব বলে জানান মৎস্য বণিক সমিতির সভাপতি আবদুল বারী জমাদার মানিক।
একটি ইলিশের ডিম থেকেই লক্ষাধিক মাছের উৎপাদন হয়। তাই মা ইলিশ রক্ষায় নিষেধাজ্ঞা মেনে চলার পাশাপাশি সাধারণ নাগরিকদেরও ডিমের প্রতি অতিরিক্ত আকর্ষণ পরিহার করে সচেতন থাকার আহ্বান জানান চাঁদপুর সদর উপজেলার সিনিয়র মৎস্য কর্মকর্তা মির্জা ওমর ফারুক।
তিনি বলেন, "তারা যদি মাছের ডিমের প্রতি এই রকম আকর্ষণ দেখায়, তাহলে আমাদের অসাধু ব্যবসায়ী অসাধু জেলেরা আরও এই ডিমওয়ালা মাছ ধরার প্রতি আরও বেশি আকর্ষিত হবে। তাই আমরা সাধারণ মানুষ যারা আছেন, তাদেরও সচেতন হই"।

## আল আমিন একাডেমী

ডাবল শিফট অনুমোদন দিয়েছে।
শিক্ষা বোর্ড বিগত ১২/০৩/২০১৯ইং যে পত্রের নির্দেশনা অনুযায়ী একাডেমীর বর্তমান গভর্নিং বডি বাতিল করেছে। তা বিগত ২১/০৩/২০১৯ইং মহামান্য হাইকোর্ট ডিভিশনে উক্ত চিঠির কার্যকারিতা স্থগিতাদেশ প্রদান করেছে। যা মহামান্য সুপ্রিম কোর্ট পযর্ন্ত বহাল ও বলবৎ আছে। পুনরায় ২০২৪ সালের ৩১ অক্টোবর সোসাইটি পরিচালিত কমিটি শিক্ষা মন্ত্রণালয় অনুমোদন করে। যার মেয়াদ ৩রা নভেম্বর ২০২৬ পর্যন্ত আছে। উক্ত চিঠি অনুযায়ী একাডেমীর বর্তমান কমিটি ভেঙ্গে দেয়া মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ অমান্য করার শামীল।
আল-আমিন সোসাইটির সভাপতি ও গভর্নিং বডির সভাপতি মো: মোবারক হোসাইন বলেন, দীর্ঘ ৪৮ বছর যাবত আল আমিন সোসাইটি আল আমিন একাডেমি পরিচালনা করে আসছে। ফ্যাসিবাদী আওয়ামী সরকারের শিক্ষা মন্ত্রীর নগ্ন হস্তক্ষেপে প্রতিষ্ঠান ধ্বংস করা হয়েছে। সেই ২০১৯ সালের চিঠির বরাত দিয়ে এখন পুনরায় প্রতিষ্ঠান পরিচালনায় সরকারি নগ্ন হস্তক্ষেপ শুর হয়েছে। কোন অবস্থায় বেআইনী হস্তক্ষেপ চাঁদপুরবাসী মেনে নিবে না। ২০২৪ সালের ৫ আগস্ট এর পর নতুন গভর্নিং বডির মেয়াদ গত ২ বছর আল আমিন একাডেমী স্কুল এন্ড কলেজের এসএসসি ও এইচএসসি পরীক্ষার ফলাফলে কুমিল্লা শিক্ষাবোর্ডের ২য় ও চাঁদপুর জেলার প্রথম স্থান অর্জন করেছে।
অভিভাবকগণের পক্ষ থেকে দাবি করা হয়েছে, আল আমিন একাডেমী স্কুল অ্যান্ড কলেজটিকে নিয়ে নানা রকম ষড়যন্ত্র করা হচ্ছে। প্রতিষ্ঠানটিতে হাজার হাজার স্কুল ও কলেজ শিক্ষার্থী অধ্যয়নরত। প্রতিষ্ঠানটি একটি সুন্দর কারিকুলামে সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। সরকার হস্তক্ষেপ না করে প্রতিষ্ঠানটি যে পদ্ধতি চালু রয়েছে তা অব্যাহত রাখতে হবে।
নারী অভিভাবক নুর নাহার বলেন, আল আমিন একাডেমীতে আধুনিক ও যুগোপযোগী কারিকুলামে শিক্ষার ধারা আছে। সে জন্যেই আমরা আমাদের সন্তানদের এই স্কুলে দিয়েছি। পাশাপাশি ইসলামী শিক্ষার যে ধারা আছে তা অব্যাহত রাখতে হবে। প্রতিষ্ঠানটিকে নিয়ে যে ষড়যন্ত্র করা হচ্ছে তা বন্ধ করতে হবে।
সাবিনা নামের আরেক অভিভাবক জানান, আ'লীগ সরকার একাডেমীর শিক্ষা ব্যবস্থাকে কয়েক বছর ধ্বংস করেছে। এখন এই সরকার একই কায়দায় আবার এই ভালো প্রতিষ্ঠানকে ধ্বংস করা হচ্ছে। সভ্য সমাজে এভাবে প্রতিষ্ঠান দখল চলতে দেয়া যায় না। চলা উচিত না। তাছাড়া এর মাধ্যমে সম্মানিত শিক্ষিত এবং সুশীল সমাজকে অপমানিত করা হয়।
আব্দুল আহাদ নামের এক অভিভাবক বলেন, আমার বাচ্চা এখানে পড়ে। এখানকার পড়াশোনার মধ্যে নৈতিকতার শিক্ষা দেওয়া হয়। ভালো মানুষ হিসেবে গড়ে তোলা হয়। আমরা চাই এটা অব্যাহত থাকুক।
একাডেমীর গভর্নিং বডির সদস্য মাওঃ বিল্লাল হোসাইন মিয়াজী বলেন, সুষ্ঠ ব্যবস্থাপনায় পরিচালিত আল আমিন একডেমী প্রতিষ্ঠানটিতে মান সম্পন্ন লেখাপড়ার বিরুদ্ধে গভীর ষড়যন্ত্র ও নগ্ন সরকারি হস্তক্ষেপ বন্ধ করতে হবে। সোসাইটির গঠিত গভর্নিং বডি বহাল রাখতে হবে।
শিক্ষার্থীরা বলেন, আমরা অযাচিত হস্তক্ষেপ চাই না। কোনো পরিবর্তন চাই না। আমরা আল আমিন একাডেমীকে ভালোবাসি। আমরা মুক্ত পরিবেশে ভালোভাবে বড় হচ্ছি। আরেক মেয়ে শিক্ষার্থী বলেন, একাডেমীর বিরুদ্ধে সরকারের পক্ষ থেকে কোনো বেআইনী সিদ্ধান্ত নেয়া উচিৎ হবে না।
আল-আমিন সোসাইটির সেক্রেটারী অ্যাড. শাহজাহান মিয়া বলেন, আল-আমিন সোসাইটির সুষ্ঠ ব্যবস্থাপনার কারণেই চাঁদপুরবাসী একটি আদর্শ শিক্ষা প্রতিষ্ঠান পেয়েছে। সকলের কল্যাণকর চিন্তা ও কর্মসূচির কারণে প্রতিষ্ঠানটির পরিসর দিন দিন বৃদ্ধি পাচ্ছে। প্রতিষ্ঠানটিতে অযাচিত সরকারি হস্তক্ষেপ বন্ধ করতে হবে। সোসাইটির গঠিত গভর্নিং বডি বাতিলের সিদ্ধান্ত চাঁদপুরবাসী মেনে নেবে না। সোসাইটির দক্ষ পরিচালনায় এই প্রতিষ্ঠানটি প্রতি বছর জুনিয়র বৃত্তি, এসএসসি ও এইচএসসি পরীক্ষার ফলাফলে বোর্ডে শ্রেষ্ঠ হয়। ২০২৫ সালে আল আমিন একাডেমি থেকে ৯৮ জন জুনিয়র বৃত্তি পেয়েছে। এসএসসি পরীক্ষায় এবছর ২২৭ জন জিপিএ-৫ পেয়ে কুমিল্লা বোর্ডে ৫ম স্থান অর্জন করেছে।
আল-আমিন সোসাইটির সংবাদ সম্মেলনে নেতৃবৃন্দ আল-আমিন একাডেমির গভর্নিং বডি বাতিলের সিদ্ধান্ত প্রত্যাহার, সোসাইটির গঠিত গভর্নিং বডি বহাল এবং প্রতিষ্ঠানের স্বাভাবিক শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখার দাবি জানানো হয়।
প্রসঙ্গত, আল-আমিন সোসাইটি কর্তৃক প্রতিষ্ঠিত ও পরিচালিত আল আমিন একাডেমী স্কুল অ্যান্ড কলেজ পরিচালনা করে আসছে ১৯৭৭ সালে ১৪ জন শিক্ষার্থী নিয়ে শুরু করে বর্তমানে প্রায় সাত হাজার শিক্ষার্থী আছে। প্রতিষ্ঠানে বর্তমানে প্রাথমিক, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক তিন স্তরের শিক্ষাকার্যক্রম চালু আছে। একই ব্যবস্থাপনায় বর্তমানে চারটি ক্যাম্পাসে শিক্ষা কার্যক্রম পরিচালিত হয়ে আসছে।

## মতলব উত্তরে লঞ্চ থেকে

মো. রাকিবুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেছেন।
শুক্রবার সকাল ১১টার দিকে নারায়ণগঞ্জ থেকে চাঁদপুরগামী মুকবিল-২ লঞ্চে তিনি ষাটনল পৌঁছান। লঞ্চ থেকে নামার সময় তিনি নদীতে পড়ে যান।
প্রত্যক্ষদর্শীরা জানায়, লঞ্চে ব্যাগ ফেলে রেখেই নেমে গিয়েছিলেন রবিন। পরে আবার লঞ্চে ওঠেন তিনি। তখন নামার সময় লঞ্চটি পেছনের দিকে চলতে শুরু করলে ঘাটে লাফ দিয়ে নামার চেষ্টা করেন তিনি। এ সময় নদীতে পড়ে নিখোঁজ হন।
এ ঘটনার পর মুকবিল-২ লঞ্চটি দ্রুত মোহনপুর লঞ্চঘাটের দিকে চলে যায়। পরে মোহনপুর নৌ-পুলিশ লঞ্চ এবং এর মাস্টার মনির হোসেন (৫০) ও গ্রিজার মো. সুমন মিয়াকে (২৭) আটক করে।
এ তথ্য নিশ্চিত করে বেলতলী নৌ-পুলিশ ফাঁড়ির ইনচার্জ মো. মোজাম্মেল হক জানান, রবিনের স্ত্রী নাসরিন আক্তার মামলার জন্য এজাহার দিয়েছেন।
পুলিশ জানায়, নদীতে পড়ে গিয়ে যুবক নিখোঁজের খবর পেয়ে বেলতলী নৌ-পুলিশ, মোহনপুর নৌ-পুলিশ ও মতলব উত্তর থানা পুলিশ স্থানীয়দের নিয়ে নদীতে তল্লাশি শুরু করে। পরে চাঁদপুর বিআইডব্লিউটিএ ও ফায়ার সার্ভিসের ডুবুরি দল ঘটনাস্থলে গিয়ে উদ্ধার অভিযানে যোগ দেয়।
নিখোঁজ রবিনের পরিচয় মেলে তার ব্যাগ থেকে। নদীতে ভাসতে থাকা ব্যাগের ভেতরে থাকা মোবাইল ফোনের সিমকার্ড অন্য ফোনে দিয়ে বেলতলী নৌ-পুলিশ ফাঁড়ি থেকে যোগাযোগ করা হলে ফোন রিসিভ করেন রবিনের স্ত্রী নাসরিন। তিনি জানান, নম্বরটি তার স্বামী রবিনের।
নাসরিন বলেন, 'বুঝতে পেরে আমি লঞ্চঘাটে ছুটে যাই। অপেক্ষা করলাম স্বামীর জন্য। এখন আমার কী হবে? কেউ কি তাকে সঙ্গে সঙ্গে উঠাতে পারল না।'
পারিবারিক সূত্রে জানা যায়, রবিন ও নাসরিন দম্পতির সাড়ে ৪ বছর বয়সের এক মেয়ে আছে।
মতলব উত্তর উপজেলা নির্বাহী কর্মকর্তা মাহমুদা কুলসুম মনি জানান, নৌ-পুলিশ ও ফায়ার সার্ভিসের ডুবুরি দলের সঙ্গে কথা বলে উদ্ধার কার্যক্রমের বিষয়ে খোঁজ নিয়ে প্রয়োজনীয় সমন্বয় করা হয়েছে।'
চাঁদপুর বিআইডব্লিউটিএর সহকারী পরিচালক সঞ্জয় দেবনাথ বলেন, 'খবর পাওয়ার পর ডুবুরি দল নিয়ে উদ্ধার অভিযান শুরু কহয়। নদীর স্রোতের কারণে ভাটির দিকেও তল্লাশি চালানো হয়।'

## চাঁদপুরে ১ম কমিউনিটি পুলিশ

সর্বোচ্চ সামর্থ্য দিয়ে লড়াই করে। একের পর এক আক্রমণ, পাল্টা আক্রমণ ও দুর্দান্ত রক্ষণে জমে ওঠে পুরো ম্যাচ। মাঠে উপস্থিত দর্শকরাও প্রতিটি মুহূর্তে খেলোয়াড়দের উৎসাহ-উদ্দীপনা দিয়ে উজ্জীবিত করেন।
শাহরাস্তি থানা দলের খেলোয়াড়রা শুরু থেকেই পরিকল্পিত ও আক্রমণাত্মক কাবাডি খেলে প্রতিপক্ষের ওপর চাপ সৃষ্টি করেন। দলের রেইডাররা যেমন কার্যকর আক্রমণ চালান, তেমনি ডিফেন্ডাররাও প্রতিপক্ষের আক্রমণ ঠেকাতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন। ফলে ম্যাচের গুরুত্বপূর্ণ সময়ে শাহরাস্তি দল নিজেদের নিয়ন্ত্রণ ধরে রাখতে সক্ষম হয়।
শেষ পর্যন্ত তীব্র প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ সেমিফাইনালে মতলব দক্ষিণ থানা দলকে পরাজিত করে বিজয় নিশ্চিত করে শাহরাস্তি থানা কাবাডি দল। এই জয়ের মধ্য দিয়ে প্রথমবারের মতো আয়োজিত কমিউনিটি পুলিশ কাবাডি চ্যাম্পিয়নশিপের ফাইনালে খেলার গৌরব অর্জন করল দলটি।
শাহরাস্তি থানা কাবাডি দলের ফাইনালে ওঠার খবরে উপজেলা জুড়ে ক্রীড়াপ্রেমীদের মধ্যে আনন্দ ও উৎসাহ-উদ্দীপনা দেখা দিয়েছে। সামাজিক যোগাযোগমাধ্যমেও দলের খেলোয়াড়দের অভিনন্দন জানিয়ে শুভেচ্ছা জানাচ্ছেন স্থানীয়রা। ফাইনালে দলটির কাছ থেকে আরও ভালো পারফরম্যান্সের প্রত্যাশা করছেন শাহরাস্তির ক্রীড়ানুরাগীরা।
আয়োজকদের পক্ষ থেকে জানানো হয়েছে, প্রতিযোগিতার ফাইনাল ম্যাচে শিরোপা জয়ের লক্ষ্য নিয়েই মাঠে নামবে শাহরাস্তি থানা কাবাডি দল। সেমিফাইনালের জয়ের ধারাবাহিকতা ধরে রেখে কাঙ্ক্ষিত চ্যাম্পিয়ন হওয়ার প্রত্যাশা করছেন দলের খেলোয়াড় ও সংশ্লিষ্টরা।
উল্লেখ্য, পুলিশ ও সাধারণ মানুষের মধ্যে পারস্পরিক সম্পর্ক আরও সুদৃঢ় করা এবং ক্রীড়ার মাধ্যমে কমিউনিটি পুলিশিং কার্যক্রমকে আরও গতিশীল করার লক্ষ্যেই ১ম কমিউনিটি পুলিশ কাবাডি চ্যাম্পিয়নশিপ-২০২৬ আয়োজন করা হয়েছে।

## হাজীগঞ্জে জামায়াতে ইসলামীর

আলোচনা করেন জেলা সহকারী সেক্রেটারি সহকারী অধ্যাপক মাওলানা আবুল হোসাইন।
অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন- কেন্দ্রীয় মজলিসে শুরা সদস্য ও নোয়াখালী জেলা আমীর ইসহাক খন্দকার।
অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন- কুমিল্লা মহানগর কর্মপরিষদ সদস্য শাহাদাত হোসাইন, কেন্দ্রীয় মজলিসে শুরা সদস্য ও চাঁদপুর জেলা নায়েবে আমির অ্যাডভোকেট মাসুদুল ইসলাম বুলবুল।
বক্তারা বলেন, দ্বীন কায়েমের আন্দোলনে প্রত্যেক কর্মীকে ব্যক্তিগত রিপোর্ট সংরক্ষণ, ইসলামী আন্দোলনের গুণাবলি অর্জন এবং ত্যাগের মানদণ্ডে উত্তীর্ণ হওয়ার জন্য নিজেদের প্রস্তুত করতে হবে।
শিক্ষাশিবির অনুষ্ঠানটি সুষ্ঠুভাবে সম্পন্ন করতে বিভিন্ন উপ-কমিটি দায়িত্ব পালন করে। এতে খাদ্য বিভাগে মোহাম্মদ আবু তাহের, অফিস বিভাগে মো. রবিউল হোসেন, মেহমান বিভাগে মাওলানা মো. শহিদ উল্লাহ, ডেকোরেশন ও শৃঙ্খলা বিভাগে মাওলানা মো. আব্দুর রহমান চৌধুরী এবং পানি ও স্যানিটেশন বিভাগে হাফেজ আক্তার হোসাইন দায়িত্ব পালন করেন।
পরিশেষে মোনাজাত ও দোয়ার মাধ্যমে দিনব্যাপী এ কর্মী শিক্ষা শিবিরের সমাপ্তি ঘটে।

## চাঁদপুর-ঢাকা নৌপথে

টানানো হয়েছে। লঞ্চ কর্তৃপক্ষ জানিয়েছে, ডেকের পাশাপাশি শোভন শ্রেণি ও কেবিনের ভাড়াও সেবার ধরন অনুযায়ী সমন্বয় করা হয়েছে। ডেক শ্রেণির ভাড়া ২০ টাকা বাড়িয়ে ২০০ থেকে ২২০ টাকা করা হয়েছে।
এর আগে, ১০০ কিলোমিটারের কম দূরত্বের নৌপথে প্রতি কিলোমিটারে লঞ্চভাড়া ছিল ২ টাকা ৯৫ পয়সা। নতুন সিদ্ধান্তে তা ২৩ পয়সা বাড়িয়ে ৩ টাকা ১৮ পয়সা করা হয়েছে। সে হিসাবে ৬৮ কিলোমিটার দীর্ঘ ঢাকা-চাঁদপুর নৌপথে ভাড়া দাঁড়ায় প্রায় ২১৬ টাকা। তবে যাত্রীদের কাছ থেকে নেওয়া হচ্ছে ২২০ টাকা।
এদিকে বিভিন্ন কারণে চাঁদপুর লঞ্চঘাটে দিন দিন যাত্রীসংখ্যা কমছে। এর মধ্যে জ্বালানি তেলের দাম বৃদ্ধির তুলনায় ভাড়া সমন্বয়ের যৌক্তিকতা নিয়ে প্রশ্ন তুলেছেন যাত্রীরা।
তাদের দাবি, যাত্রীদের দুর্ভোগের কথা বিবেচনা করে লঞ্চভাড়া সহনীয় পর্যায়ে রাখার বিষয়টি মালিকপক্ষকে গুরুত্বের সঙ্গে ভাবতে হবে।
যাত্রী আব্দুল মালেক জানান, লঞ্চভাড়া এমনিতেই বেশি। এর মধ্যে আবার ভাড়া বাড়ানো হলে আমাদের জন্য কষ্টকর হয়ে পড়ে। আমরা আগের ভাড়া বহাল রাখার দাবি জানাই। ভাড়া না কমালে আমরা আর লঞ্চে যাতায়াত করব না।
লঞ্চ মালিক প্রতিনিধি দ্বীন মোহাম্মদ জিল্লু জানান, তেলের দাম বাড়ার কারণে লঞ্চের ভাড়া বাড়ানো হয়েছে। এক্ষেত্রে লঞ্চ মালিকদের কিছু করার নেই। অনেক লঞ্চ মালিক ভর্তুকি দিয়ে লঞ্চ পরিচালনা করছেন। এমনিতেই চাঁদপুর-ঢাকা নৌপথে যাত্রী অনেক কমে গেছে। ভাড়া বাড়ানোর প্রভাব এতে আরও পড়বে। দিন দিন যাত্রী কমে যাওয়ায় এরই মধ্যে অনেক লঞ্চ চলাচল বন্ধ হয়ে গেছে।
চাঁদপুর বিআইডব্লিউটিএর উপ-পরিচালক (ট্রাফিক) বাবু লাল বৈদ্য জানান, আবহাওয়া ও নদীর নাব্যসহ বিভিন্ন কারণে লঞ্চে যাত্রীর সংখ্যা দিন দিন কমছে। বর্তমানে যে ভাড়া বাড়ানো হয়েছে, এর প্রভাব যাত্রী সংখ্যার ওপর পড়ছে কি না, তা কয়েকদিন না গেলে বোঝা যাবে না। লঞ্চের সেবার মান উন্নত করা এবং ভাড়া কমানো হলে আবারও যাত্রীর সংখ্যা বাড়তে পারে।

## চাঁদপুরে ২শ' শিক্ষার্থীর অংশগ্রহণে

করে প্রস্তুতি নিয়েছে। প্রতিযোগিতার মাধ্যমে মহানবী হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জীবন, আদর্শ ও কর্ম সম্পর্কে শিক্ষার্থীদের পাঠ ও জ্ঞানচর্চায় আগ্রহী করে তোলাই এ আয়োজনের অন্যতম উদ্দেশ্য বলে জানিয়েছেন আয়োজকরা।
সীরাত পাঠ প্রতিযোগিতার আহ্বায়ক, জামিয়া দারুল ঈমানের প্রিন্সিপাল ও শায়খুল হাদিস মুফতি মাহবুবুর রহমান বলেন, 'শিক্ষার্থীদের মধ্যে মহানবী হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জীবন ও আদর্শ সম্পর্কে পাঠ এবং জ্ঞানচর্চার আগ্রহ তৈরি করাই এ আয়োজনের অন্যতম উদ্দেশ্য।'
আয়োজকরা জানান, শিক্ষার্থীদের পাঠাভ্যাস ও জ্ঞানচর্চাকে উৎসাহিত করতে ভবিষ্যতেও এ ধরনের পাঠ ও জ্ঞানভিত্তিক কার্যক্রম অব্যাহত রাখার পরিকল্পনা রয়েছে।

## ফরিদগঞ্জে চতুর্থ শ্রেণির

হাসপাতালের গাইনি বিভাগে চিকিৎসাধীন।
এ ঘটনায় শিশুটির নানি ফরিদগঞ্জ থানায় মামলা করেন। মামলার পর পুলিশ মুকবুল ছৈয়ালকে গ্রেপ্তার করে আদালতে পাঠায়। শনিবার আদালতের নির্দেশে তাকে কারাগারে পাঠানো হয়।
স্থানীয় বাসিন্দারা ঘটনার সুষ্ঠু তদন্ত করে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছেন। একই সঙ্গে এলাকায় শিশুদের নিরাপত্তা নিশ্চিত করতে কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান জানান তারা।
ফরিদগঞ্জ থানার উপপরিদর্শক (এসআই) আবু তাহের জানান, মামলার পর অভিযুক্ত ব্যক্তিকে গ্রেপ্তার করে আদালতে পাঠানো হয়েছে। আদালতের নির্দেশনা অনুযায়ী পরবর্তী আইনগত কার্যক্রম চলছে।

## শাহরাস্তি স্বাস্থ্য কমপ্লেক্সে

সাপের বিষক্রিয়ার লক্ষণ দেখা দেয়।
রাত আনুমানিক সাড়ে ৯টার দিকে জরুরি বিভাগেই অ্যান্টি-স্নেক ভেনম দেওয়া শুরু হয়। রোগীকে মোট ১০ ভায়াল অ্যান্টিভেনম দেওয়া হয়। পরে অবস্থার কিছুটা উন্নতি হলে উন্নত চিকিৎসা ও নিবিড় পর্যবেক্ষণের জন্য তাকে কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়।
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. মো. আবু নাছের শাকিল বলেন, জরুরি পরিস্থিতিতে দ্রুত ও যথাযথ চিকিৎসা নিশ্চিত করতে চিকিৎসক, নার্স ও অন্যান্য স্বাস্থ্যকর্মীদের সমন্বিতভাবে কাজ করা গুরুত্বপূর্ণ। এ ঘটনায় সংশ্লিষ্ট সবাই দায়িত্ব পালন করেছেন।
হাসপাতাল সূত্র জানায়, শাহরাস্তি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সাপেকাটা রোগীকে জরুরি বিভাগে অ্যান্টিভেনম দেওয়ার ঘটনা এটিই প্রথম।

## কুয়েতে বিপুল পরিমাণ

জন্য কুয়েতের সংশ্লিষ্ট মাদক নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করা হয়েছে। দেশের আইনশৃঙ্খলা রক্ষা এবং সমাজকে সুরক্ষিত রাখতে এ ধরনের কঠোর অভিযান অব্যাহত থাকবে বলে জানিয়েছে কুয়েতের স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
এদিকে ফরিদগঞ্জের স্থানীয় সূত্র জানায়, সোহাগ গাজী দীর্ঘদিন ধরে স্থানীয় আওয়ামী রাজনীতির সঙ্গে জড়িত ছিলেন। ২০২৪ সালের ৫ আগস্ট রাজনৈতিক পটপরিবর্তনের পর তিনি গোপনে কুয়েতে পাড়ি জমান। সেখানে গিয়ে তিনি আন্তর্জাতিক মাদক চোরাচালান চক্রের সঙ্গে জড়িয়ে পড়েন বলে অভিযোগ উঠেছে। ইউপি সদস্যের বিদেশে এমন অপরাধে গ্রেপ্তারের খবরে তাঁর নিজ এলাকায় ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।

## হাজীগঞ্জ প্রেসক্লাব ও বাজার

ব্যবসায়ী সমিতির সভাপতি সালাউদ্দিন ফারুক মামুন। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক শাহাব উদ্দিন।
এ সময় আরো বক্তব্য রাখেন হাজীগঞ্জ প্রেসক্লাবের সহ-সভাপতি মেহেদী হাসান, কার্যকরী সদস্য মহিউদ্দিন আল আজাদ, এনায়েত মজুমদার, রেজাউল করিম নয়ন, সাংবাদিক মজিবুর রহমান রনি এবং হাজীগঞ্জ বাজার ব্যবসায়ী সমিতির দপ্তর সম্পাদক মোহাম্মদ হাবীব উল্লাহ, প্রচার সম্পাদক আরমান তালুকদারসহ অন্যান্যরা।
মতবিনিময় সভায় হাজীগঞ্জ বাজারের বিভিন্ন সমস্যা নিয়ে সাংবাদিকদের সঙ্গে ব্যবসায়ী প্রতিনিধিদের পারস্পরিক সহযোগিতার বিষয়ে আলোচনা করা হয়। একই সঙ্গে বাজারের সার্বিক পরিবেশ উন্নয়ন ও জনস্বার্থসংশ্লিষ্ট বিষয়গুলোতে সাংবাদিক ও ব্যবসায়ী নেতৃবৃন্দ একসঙ্গে কাজ করার বিষয়ে গুরুত্বারোপ করেন।
সভায় হাজীগঞ্জ বাজার ব্যবসায়ী সমিতির নেতৃবৃন্দ এবং হাজীগঞ্জ প্রেসক্লাবের সদস্যরাসহ বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সংবাদকর্মীরা উপস্থিত ছিলেন।

## শাহরাস্তিতে শিক্ষার্থীদের নিয়ে

শুরুতে পবিত্র কোরআন তেলাওয়াত করেন আবু নাঈম। পরে ইসলামী সংগীত পরিবেশন করেন শাফিন।
শাহরাস্তি দক্ষিণ শাখা ছাত্রশিবিরের সভাপতি কাউসার আলমের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ইসলামী ছাত্রশিবিরের চাঁদপুর জেলা সভাপতি হাসিবুল হাসান হাসিব।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা জামায়াতের নায়েবে আমির বাদশা ফয়সাল ও সেক্রেটারি মাওলানা মাইনুদ্দিন।
এ সময় অতিথি হিসেবে আরও উপস্থিত ছিলেন শাহরাস্তি উত্তর শাখা ছাত্রশিবিরের সভাপতি আল আমিন, শাহরাস্তি শহর শাখা ছাত্রশিবিরের সভাপতি সাইফুল ইসলাম এবং চিতোষী পশ্চিম ইউনিয়নের সভাপতি মাওলানা আল মামুন, চিতোষী পশ্চিম ইউনিয়নের ১নং ওয়ার্ড ছাত্রশিবিরের সভাপতি জুনাইদ ইসলাম নায়িম।
নৌভ্রমণে পাথৈর দাখিল মাদরাসার শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। আয়োজকরা জানান, শিক্ষার্থীদের মাঝে পারস্পরিক সৌহার্দ্য, ভ্রাতৃত্ববোধ ও ইসলামী মূল্যবোধ জাগ্রত করার লক্ষ্যে এ নৌভ্রমণের আয়োজন করা হয়েছে।

## মতলব উত্তর নবুরকান্দি

সরকারি প্রাথমিক বিদ্যালয় ম্যানেজিং কমিটির সভাপতি ইঞ্জিনিয়ার সালাহ উদ্দিনের সভাপতিত্বে এবং উপজেলা ছাত্রদলের আহ্বায়ক নুরুল হুদা ফয়েজীর সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান বক্তার বক্তব্য দেন জেলা যুবদলের সহ-সভাপতি খায়রুল হাসান বেনু।
নবুরকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শাহজাহানের সার্বিক ব্যবস্থাপনায় অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন- মতলব উত্তর উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক তোফায়েল পাটোয়ারী, উপজেলা যুবদলের ভারপ্রাপ্ত সভাপতি রাশেদ জামান টিপু, উপজেলা কৃষক দলের সাবেক সাধারণ সম্পাদক সাদেকুর রহমান হাওলাদার এবং উদ্ধামদী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক মহসিন মাস্টার।
অনুষ্ঠানে বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা, শিক্ষার্থী, অভিভাবক, নবগঠিত ম্যানেজিং কমিটির সদস্যসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত ছিলেন।পরে মতলব উত্তর উপজেলার শ্রেষ্ঠ শিক্ষক নির্বাচিত শিক্ষক-শিক্ষিকা, কৃতি শিক্ষার্থী এবং নবগঠিত ম্যানেজিং কমিটির সদস্যদের সম্মাননা প্রদান করা হয়।

## ফরিদগঞ্জে স্বেচ্ছাসেবক দলের

আয়োজনে অনুষ্ঠিত এ বিক্ষোভ সমাবেশে বক্তব্য রাখেন ফরিদগঞ্জ উপজেলা বিএনপি নেতা মশিউর রহমান রিপন, পৌর স্বেচ্ছাসেবক দলের সদস্য সবুর হোসেন রুবেল, যুগ্ম আহ্বায়ক জিয়াউর রহমান জিয়া, শামীম গাজী এবং সদস্য কাউছার হোসেনসহ স্থানীয় অন্যান্য নেতৃবৃন্দ।
সমাবেশে বক্তারা বলেন, দীর্ঘ ১৭ বছর ধরে বিএনপির হাজার হাজার নেতাকর্মী হত্যা, গুম, মামলা, জেল-জুলুম ও অনবরত রাজনৈতিক হয়রানির শিকার হয়েছেন। ছাত্র-জনতার ঐতিহাসিক অভ্যুত্থানের মুখে স্বৈরাচারী শেখ হাসিনা সরকারের পতন ঘটে এবং দেশে গণতান্ত্রিক পরিবেশের নতুন সূর্য উদিত হয়। কিন্তু পতিত স্বৈরাচারী গোষ্ঠী আবারও পেছনের দরজা দিয়ে দেশজুড়ে নৈরাজ্য, সহিংসতা ও অস্থিতিশীলতা সৃষ্টির চক্রান্ত করছে, যা আর কোনোভাবেই বরদাশত করা হবে না।
বিএনপি ও স্বেচ্ছাসেবক দল নেতৃবৃন্দ হুঁশিয়ারি উচ্চারণ করে আরও বলেন, দীর্ঘ আন্দোলন-সংগ্রামে রাজপথে অসংখ্য নেতাকর্মী রক্ত দিয়েছেন, পঙ্গুত্ব বরণ করেছেন এবং কারানির্যাতন ভোগ করেছেন। রক্তস্নাত এই পরিবর্তনের পর দেশের মানুষ এখন শান্তি, নিরাপত্তা ও স্বস্তির জীবন চায়। কোনো মহল যদি অতীতের মতো সন্ত্রাস ও নাশকতার মাধ্যমে দেশের অর্জিত গণতন্ত্র নস্যাৎ করতে চায়, তবে সাধারণ ছাত্র-জনতাকে সঙ্গে নিয়ে রাজপথেই তাদের কড়া জবাব দেয়া হবে।

## চাঁদপুরে শিক্ষার্থীদের মাঝে বড়স্টেশন

সংগঠনের উপদেষ্টা ও দৈনিক সবুজ বাংলা পত্রিকার সম্পাদক, প্রকাশক শাহরিয়ার পলাশ, শিক্ষানুরাগী, সমাজসেবক ও রাজনীতিবিদ মোঃ কবির হোসেন চোকদার, লেখক ও সমাজকর্মী মুহাম্মদ হানিফ চোকদার।
অনুষ্ঠানের শুরুতেই আয়োজনের লক্ষ্য, উদ্দেশ্য এবং সংগঠনের সামাজিক কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন, বড়স্টেশন কমিউনিটির প্রতিষ্ঠাতা পরিচালক রাসেল পারভেজ। দেশ ও জাতির কল্যাণ কামনার পাশাপাশি শিক্ষার্থীদের মেধা বিকাশে দোয়া ও মোনাজাত পরিচালনা করেন রেলওয়ে দারুল উলুম ইসলামিয়া মাদ্রাসর অধ্যক্ষ মাওলানা মুফতি ইউনুস।
অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, সংগঠনের উপদেষ্টা হোসাইন চোকরার, হিলশা মেডিকেল এন্ড ডায়াগনস্টিক সেন্টারের চেয়ারম্যান বাকি বিল্লাহ, সংগঠনের প্রতিষ্ঠাকালীন সদস্য আমিনুল ইসলাম, মোঃ আব্বাস মাল, মোঃ রিপন মাল, মোঃ মেকুল ইসলাম, শামসুদ্দিন শেখ, নাজমুন নাহার মিলি, সালাউদ্দিন খাঁন, সাইফুল খাঁন, আবির হোসাইন, মোঃ খোকা, তানিয়া আক্তার, মোঃ ইসমাইল হোসেন।

## হাইমচর থানায় পরিচ্ছন্নতা

কার্যক্রমের অংশ হিসেবে হাইমচর থানা কমপ্লেক্স ও এর আশপাশের এলাকায় এ অভিযান পরিচালনা করা হয়।
অভিযানে থানা কমপ্লেক্সের বিভিন্ন স্থানে পড়ে থাকা ময়লা-আবর্জনা ও অপচনশীল বর্জ্য পরিষ্কার করা হয়। পাশাপাশি ডেঙ্গু প্রতিরোধে মশার প্রজননস্থল তৈরি হতে পারে—এমন স্থানগুলো পরিষ্কার রাখার বিষয়ে গুরুত্ব দেওয়া হয়।
পরিচ্ছন্নতা কার্যক্রম শেষে হাইমচর থানার ওসি মোঃ শাহ আলমের সঙ্গে বিডি ক্লিনের সদস্যদের মতবিনিময় হয়। এ সময় ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধি, ময়লা-আবর্জনা নির্দিষ্ট স্থানে ফেলা এবং থানা কমপ্লেক্সসহ আশপাশের পরিবেশ নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার বিষয়ে আলোচনা হয়।
মতবিনিময়ে পরিচ্ছন্ন পরিবেশ বজায় রাখতে স্থানীয় প্রশাসন, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, স্বেচ্ছাসেবী সংগঠন ও সাধারণ মানুষের সম্মিলিত ভূমিকার ওপর গুরুত্ব দেওয়া হয়।
এ সময় উপস্থিত ছিলেন বিডি ক্লিন হাইমচরের উপজেলা সমন্বয়ক মোহাম্মদ এনামুল হক, আইটি সমন্বয়ক, উপজেলা লজিস্টিক সমন্বয়ক এবং চাঁদপুর জেলা বিডি ক্লিনের উপ-সমন্বয়ক সিয়াম আহমেদসহ সংগঠনের অন্যান্য স্বেচ্ছাসেবক।
বিডি ক্লিনের সদস্যরা জানান, পরিচ্ছন্নতা কার্যক্রমের পাশাপাশি ডেঙ্গু প্রতিরোধ ও পরিবেশ সুরক্ষায় জনসচেতনতা তৈরিতে তাদের কার্যক্রম অব্যাহত থাকবে।

## চাঁদপুর সাহিত্য একাডেমির

পাঠ করেন। কবিতা পাঠ করেন (ফুল) কবির হোসেন মিজি এবং তাশফিয়া কাফি।
"লেখা লেখি শুরুর গল্প" নিয়ে আলোচনা করেন মোহাম্মদ হানিফ। অনুপ্রানন পাণ্ডুলিপি পুরষ্কারজয়ী কবি ও সাহিত্যিক শাদমান শরীফ, (লাল রঙ্গের নামতা) কবিতা পাঠ করেন। "সাহিত্য পাতা সম্পাদনা" নিয়ে আলোচনা করেন আরিফুল ইসলাম শান্ত। আরো বক্তব্য রাখেন সাহিত্য আড্ডারু খোদেজা মাহবুব। "নজরুল বিষয় বই" নিয়ে আলোচনা করেন কবি ও সাংবাদিক আব্দুল গনি। "চাঁদপুরের সাহিত্য চর্চায় নারী" নিয়ে আলোচনা করেন, নুরুন্নাহার মুন্নি। "চাঁদপুরের ছোট কাগজ" প্রকাশ নিয়ে আলোচনা করেন কবি ও সাংবাদিক আশিক বিন রহিম।"লেখক সম্মাননা" আলোচনা করেন মাঈনুল ইসলাম মানিক, সাহিত্য একাডেমি চাঁদপুর এর পরিচালক (সাহিত্য ও প্রকাশনা) ।হাজীগঞ্জ মডেল পাইলট কলেজ, সহকারী অধ্যাপক মালেকা ফারবিন।
সাহিত্য একাডেমি চাঁদপুর এর সহ সভাপতি আব্দুল্লাহহিল কাফী সবাইকে শুভেচ্ছা ও কৃতজ্ঞতা জানিয়ে, নিজের জন্য দোয়া চেয়ে বক্তব্য শেষ করেন। শেষে ৩জন সেরা আড্ডারু সহ নতুন অতিথি পুরস্কার প্রদান করা হয়। নজরুল সংগ্রীত পরিবেশন করেন খোকন মজুমদার। শেষে জনপ্রিয় পুথিপাঠ, বাউলগান পরিবেশনের মাধ্যমে আড্ডা শেষ হয়।

## গুপ্টি পূর্বে মাদক বিরোধী ফুটবল

থাকার সুযোগ দিবেন এবং আসন্ন নির্বাচনে আপনাদের সহযোগিতা কামনা করছি। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চাঁদপুর জজ কোর্টের অ্যাডভোকেট মো. জহিরুল ইসলাম, গুপ্টি ওয়ার্ডের ইউপি সদস্য শহিদুল্লাহ গাজী, টেলু মাষ্টার, যুবদল নেতা জামাল ভদ্র, টুর্ণামেন্ট কমিটির আহবায়ক মারুফ হোসেন প্রমুখ।

## ১ মাসের বেশি সময় নিখোঁজ

তাং- ১০/০৯/২০২৬। তার সন্ধান পেলে নিচের ঠিকানায় যোগাযোগের অনুরোধ রইল। -বোরহান উদ্দিন মজুমদার এসআই ফরিদগঞ্জ থানা। ফোন: ০১৮১৯৬১৬৭৯৩।

## মতলব দক্ষিণে মেধাতালিকায়

মতলব দক্ষিণ থানার মেরিট লিষ্টে-১ম স্থান ও সমগ্র চাঁদপুর জেলায় ১১তম হই।'
তামান্নার দাবি, চূড়ান্তভাবে সব ধাপ সম্পন্ন করার পর দীর্ঘ আট মাস অপেক্ষা করলেও ২৪ সেপ্টেম্বর তার নামে কোনো নিয়োগপত্র ইস্যু হয়নি। এর কারণ হিসেবে পুলিশ ও এনএসআই ভেরিফিকেশনে তাকে বাদ দেওয়ার কথা জানানো হয়েছে।
তামান্না অভিযোগ করেন, 'পলিটিক্যাল ট্যাগ' দিয়ে তাকে বাদ দেওয়া হয়েছে। যদিও তার ভাষ্য অনুযায়ী, তিনি বা তার পরিবারের কেউ কোনো সময় রাজনীতির সঙ্গে সংশ্লিষ্ট ছিলেন না।
এ ঘটনায় হতাশা ও ক্ষোভ প্রকাশ করে তামান্না বলেন, 'যে দেশে মেধার মূল্যায়ন হয় না, আমি সে দেশকে তার মেধাবীদেরসহ ধ্বংস কামনা করি।'
তবে ভেরিফিকেশনে তাকে বাদ দেওয়ার সুনির্দিষ্ট কারণ এবং তার অভিযোগের বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বক্তব্য তাৎক্ষণিকভাবে পাওয়া যায়নি।

## চাঁদপুর জেলা পুলিশের


পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) নাদিরা নূরসহ চাঁদপুর জেলা পুলিশের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা ও পুলিশ সদস্যরা উপস্থিত ছিলেন।

## রেমিটেন্স, রিজার্ভ ও লেনদেন

আগস্টে প্রবাসী আয় বেড়েছে প্রায় ৩ দশমিক ৮ শতাংশ।
এতে চলতি ২০২৬-২৭ অর্থবছরের জুলাই-আগস্ট সময়ে দেশে প্রবাসী আয় এসেছে প্রায় ৫৮৩ কোটি ডলার, যা আগের অর্থবছরের একই সময়ের তুলনায় প্রায় ১৯ শতাংশ বেশি।
এর আগে ২০২৫-২৬ অর্থবছরে প্রবাসী আয়ে রেকর্ড প্রবৃদ্ধি হয়। ওই অর্থবছরে প্রবাসীরা দেশে পাঠিয়েছেন প্রায় ৩ হাজার ৫৫৯ কোটি ডলার। আগের অর্থবছরে এ আয় ছিল ৩ হাজার ৩৩ কোটি ডলার। বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক ও মুখপাত্র আরিফ হোসেন খান বাসসকে বলেন, প্রবাসী আয়ের অব্যাহত প্রবৃদ্ধি দেশের বৈদেশিক খাতের জন্য ইতিবাচক। আনুষ্ঠানিক ব্যাংকিং চ্যানেলে অর্থ পাঠানোর ক্ষেত্রে প্রবাসীদের আস্থা বাড়ারও প্রতিফলন এটি। তিনি বলেন, প্রবাসী আয় পাঠানোর আনুষ্ঠানিক মাধ্যমকে আরও সহজ ও আকর্ষণীয় করতে সরকার ও কেন্দ্রীয় ব্যাংক কাজ করছে।

## ইরানের শান্তি প্রস্তাব 'প্রত্যাখ্যান'

খুলে দিতে আন্তরিক হলে ইরানের দিক থেকে সব প্রস্তুতি রয়েছে।
সমঝোতার পর উভয় পক্ষের সম্মত বিষয়গুলো নিয়ে আরও বিস্তৃত আলোচনা শুরু হতে পারে। প্রস্তাবটি লেবাননসহ সংঘাতের সব রণাঙ্গনের জন্য প্রযোজ্য বলে জানান ইরানের পররাষ্ট্রমন্ত্রী। এর শর্ত হিসেবে ইরানি বন্দরগুলোর ওপর মার্কিন অবরোধ তুলে নেওয়া, জব্দ অর্থ ছাড় এবং তেলসংক্রান্ত নিষেধাজ্ঞায় ছাড় দেওয়ার কথা বলেছেন তিনি।
তবে ইরানের এক জ্যেষ্ঠ কর্মকর্তা রয়টার্সকে জানিয়েছেন, পরমাণু কর্মসূচি নিয়ে তেহরান কোনো ছাড় দেবে না। ইউরেনিয়াম সমৃদ্ধকরণের অধিকার ছেড়ে দেওয়া কিংবা উচ্চমাত্রায় সমৃদ্ধ ইউরেনিয়াম দেশের বাইরে পাঠানোর প্রশ্নেও তাদের অবস্থান অপরিবর্তিত। এর আগে এক মার্কিন কর্মকর্তা মধ্যস্থতাকারীদের মাধ্যমে চলা আলোচনাকে ইতিবাচক ও গঠনমূলক বলেছিলেন। কিন্তু ওয়াল স্ট্রিট জার্নালের প্রতিবেদনে বলা হয়েছে, ইরান তার শর্ত মানবে কি না, তা নিয়ে ট্রাম্প সন্দিহান।







মিষ্টি, দধি সহ যাবতীয় মিষ্টান্ন দ্রব্যের
অপ্রতিদ্বন্ধি অভিজাত মিষ্টি বিপণী
ওয়ান মিনিট
চপ, কাকলেট, মোগলাই, বিরিয়ানী,
চাইনিজ সহ বিভিন্ন রুচিশীল খাবারের জন্য
হেভেন
প্রেসক্লাব সড়ক, চাঁদপুর, ফোন- ০৮৪১৬৩২১০

অনুবাদ! অনুবাদ!! অনুবাদ!!!
রিলাইয়েন্স অনুবাদ কেন্দ্র
সরকারি রেজিঃ নং- ০২০৪০৫০৮
(সরকার অনুমোদিত রির্ভরযোগ্য ভাষা অনুবাদ সংস্থা)
আরবী, বাংলা, ইংরেজী, ইতালী, জাপানী, মালয়েশিয়া ইত্যাদি ভাষার অনুবাদ। সার্টিফিকেট, কাবিন নামা, ম্যারেজ সার্টিফিকেট, এনওসি, ভিসা, পাসপোর্ট, দলিল ইত্যাদি অনুবাদ এবং নোটারী পাবলিক, ফরেন মিনিষ্ট্রি এম্বাসী এটাস্টেশন সহ বিদেশে পরিবার নেওয়ার যাবতীয় কাজ ও প্রবাসে শ্রমজীবীদের যাবতীয় কেইচ/মামলা, ডেড কেইচ ইত্যাদির কাগজ পত্রাদির অনুবাদ ও যাবতীয় সত্যায়িতের কাজে পরামর্শ ও সহযোগিতা করে থাকি।
ঢাকা অফিস ঃ ১৭/২, তোপখানা রোড, ঢাকা-১০০০, বাংলাদেশ।
বাসা ও অফিস ঃ আনসারী মঞ্জিল, বিলুপ্ত চিত্রলেখার মোড়, কুমিল্লা রোড, চাঁদপুর।
মোবাইল ঃ ০১৯৫০-৩৪১৯৪৮, ০১৭১৬-২০১৫৩১

# জাতিসঙ্ঘে উত্তাল এক সপ্তাহ : ছয় বড় ঘটনা

**দিগন্ত অনলাইন**

ইরান-যুক্তরাষ্ট্র আলোচনা থেকে ইউক্রেন যুদ্ধ, এআই নিয়ে উদ্বেগ থেকে জাতিসঙ্ঘের ভবিষ্যৎ-নিউইয়র্কে বিশ্বনেতাদের ব্যস্ত সপ্তাহে উঠে এসেছে নানা গুরুত্বপূর্ণ বার্তা

নিউইয়র্কে এক সপ্তাহের বক্তৃতা, বৈঠক আর করিডোর কূটনীতি শেষে শুক্রবার বিশ্বনেতারা একে একে জাতিসঙ্ঘ ছাড়েন। বিশ্বের সবচেয়ে জটিল সংঘাতগুলোতে বড় কোনো অগ্রগতি হয়নি। তবে ইরান ও ইউক্রেন যুদ্ধ নিয়ে আলোচনা কিছুটা এগিয়েছে। একই সময়ে এআইয়ের ঝুঁকি নিয়েও বিশ্বশক্তিগুলো শিল্প খাতের নেতাদের সাথে আলোচনা করেছে।

ইরান নিয়ে কূটনীতির নতুন চেষ্টা

রয়টার্স শনিবার (২৬ সেপ্টেম্বর) জানায়, জুলাইয়ে যুদ্ধবিরতি ভেঙে যাওয়ার পর প্রথমবারের মতো মার্কিন ও ইরানি কর্মকর্তাদের মধ্যে পরোক্ষ আলোচনা শুরু হয়েছে। এ ক্ষেত্রে জাতিসঙ্ঘ গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাগচি এবং যুক্তরাষ্ট্রের দূত স্টিভ উইটকফ ও জ্যারেড কুশনার মধ্যস্থতাকারীদের মাধ্যমে যোগাযোগ করেছেন।

একজন জ্যেষ্ঠ ইরানি কর্মকর্তা রয়টার্সকে বলেন, এই প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। তেহরান ওয়াশিংটনের প্রস্তাব পর্যালোচনা করছে। এর মধ্যে রয়েছে ইরানের বন্দরগুলোর ওপর মার্কিন নৌ অবরোধ তুলে নেয়া এবং হরমুজ প্রণালী আবার খুলে দেয়া। তবে দ্রুত কোনো সমঝোতার সম্ভাবনা দেখা যায়নি। মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও বলেছেন, চুক্তিতে পৌঁছাতে দীর্ঘ সময় ধরে কঠিন কাজ করতে হবে।

ইউক্রেনের শস্য ও জ্বালানি

রুবিও রুশ পররাষ্ট্রমন্ত্রী সের্গেই লাভরভের সাথে বৈঠক করেন। পরে তিনি জানান, শস্য ও জ্বালানি অবকাঠামোয় সীমিত যুদ্ধবিরতির বিষয়ে রাশিয়া ও ইউক্রেন উভয়েই আগ্রহ দেখিয়েছে। শীতের আগে বিদ্যুৎ ও জ্বালানি স্থাপনা এবং কৃষ্ণসাগরের নৌ চলাচল নিয়ে সীমিত সমঝোতা চায় ইউক্রেন ও তার মিত্ররা। তবে লাভরভ পরে জাতিসঙ্ঘ নিরাপত্তা পরিষদে বলেন, ইউরোপ শুধু যুদ্ধ থামিয়ে সেই সময় ইউক্রেনকে অস্ত্র দিতে চায়।

জলবায়ুর জায়গা দখল করল এআই

জাতিসঙ্ঘের আলোচনায় এবার জলবায়ু পরিবর্তনের চেয়ে কৃত্রিম বুদ্ধিমত্তা বেশি গুরুত্ব পেয়েছে। এআইয়ের নিরাপত্তা নিয়ে উদ্বেগ বেড়েছে। শীর্ষ গবেষকেরা এর সম্ভাব্য বিপদ সম্পর্কে সতর্ক করেছেন।

জাতিসঙ্ঘের নিরাপত্তা পরিষদের এক বৈঠকে ওপেনএআইয়ের প্রধান নির্বাহী স্যাম অল্টম্যান ও অ্যানথ্রপিকের প্রধান নির্বাহী দারিও আমোদেই অংশ নেন। তারা এআই নিয়ন্ত্রণে সরকারগুলোর যৌথ উদ্যোগের আহ্বান জানান।

ভেনেজুয়েলার চমক

জাতিসঙ্ঘে সবচেয়ে চমকপ্রদ আগমন ছিল ভেনেজুয়েলার অন্তর্বর্তী প্রেসিডেন্ট দেলসি রদ্রিগেসের। ক্ষমতায় আসার পর ট্রাম্পের সাথে এটাই ছিল তার প্রথম সরাসরি বৈঠক। ভেনেজুয়েলার প্রতিনিধিদল মূলত দেশটির বিপুল সরকারি ঋণ কীভাবে নতুন শর্তে পুনর্বিন্যাস করা যায়, সে বিষয় নিয়ে তারা মার্কিন কর্মকর্তাদের, আন্তর্জাতিক ঋণদাতা প্রতিষ্ঠান ও বিভিন্ন কোম্পানির সাথে আলোচনা করেছে।

বুরহানের অনুপস্থিতি

সবচেয়ে আলোচিত অনুপস্থিতি ছিল সুদানের সেনাপ্রধান আবদেল ফাত্তাহ আল-বুরহানের। যুক্তরাষ্ট্র তার ভিসা আটকে দেয়। রয়টার্সের প্রতিবেদনে বলা হয়, যুক্তরাষ্ট্রের সমর্থিত একটি যুদ্ধবিরতি প্রস্তাবে সুদানের রাজধানী খার্তুমের আপত্তির কারণেই বুরহানের ভিসা আটকে দেয়া হয়ে থাকতে পারে।

অনিশ্চিত ভবিষ্যৎ

অর্থসংকটে জর্জরিত জাতিসঙ্ঘ হয়তো এখন আর দ্রুত অবনতির পথে নেই। তবে এখনো এটি 'অনির্দিষ্ট সংকটে' আটকে আছে বলে আন্তর্জাতিক সংকট গোষ্ঠীর বিশ্লেষক রিচার্ড গোয়ান মনে করেন। কমে আসা বাজেট, প্রভাবহ্রাস এবং বাড়তে থাকা ভূরাজনৈতিক সংঘাতের মধ্যে সংস্থাটি নতুন মহাসচিবের অপেক্ষায়।

আন্তোনিও গুতেরেসের দ্বিতীয় পাঁচ বছরের মেয়াদ শেষ হবে ৩১ ডিসেম্বর। নতুন মহাসচিব বাছাইয়ের দৌড়ে এখনো স্পষ্ট কোনো প্রার্থী এগিয়ে নেই। দায়িত্ব যিনিই নিন, সংকট, হতাশা ও রাজনৈতিক প্রাসঙ্গিকতা কমে যাওয়া একটি জাতিসঙ্ঘই তার হাতে যাবে।

# কোন পথে চলেছে যুক্তরাষ্ট্র-ইরান অচলাবস্থা?

**দিগন্ত ডেস্ক**

ডোনাল্ড ট্রাম্প ইরানের এক সপ্তাহের মধ্যে হরমুজ প্রণালী খুলে দেয়ার প্রস্তাব নাকচ করে দিয়েছেন বলে খবর পাওয়া গেছে। এর কয়েক ঘণ্টা আগে ইরান নতুন একটি রোডম্যাপ দিয়েছে। এর কয়েক দিন আগে জাতিসঙ্ঘ সাধারণ পরিষদে ভাষণ দেয়ার সময় ট্রাম্প ইরানকে 'নিশ্চিহ্ন' করার হুমকি দিয়েছিলেন।

আল জাজিরা শনিবার (২৬ সেপ্টেম্বর) জানায়, দুই পক্ষই এখন অচলাবস্থায় আটকে আছে। ইরান বলছে, নির্ধারিত শর্ত পূরণ না হওয়া পর্যন্ত তারা পারমাণবিক কর্মসূচি নিয়ে আলোচনা করবে না। যুক্তরাষ্ট্রের এক কর্মকর্তা আল জাজিরাকে বলেছেন, ওয়াশিংটন ইরানের প্রস্তাবের জবাব দিতে তাড়াহুড়ো করছে না। হরমুজ প্রণালীর বিষয়ে যুক্তরাষ্ট্র নিজেদের অবস্থানকে শক্তিশালী মনে করছে।

ওয়াল স্ট্রিট জার্নাল মার্কিন কর্মকর্তাদের বরাত দিয়ে বলা হয়েছে, ট্রাম্প তার সহযোগীদের জানিয়েছেন, নভেম্বরে যুক্তরাষ্ট্রের মধ্যবর্তী নির্বাচনের পর ইরানে নতুন করে বোমা হামলা চালানোর পরিকল্পনা রয়েছে। একই সময়ে ট্রাম্প বলেছেন, মধ্যবর্তী নির্বাচনের পরপরই সংঘাত অবসানের একটি চুক্তি হতে পারে বলে তিনি মনে করেন।

ইরানের মূল্যস্ফীতি সামান্য কমেছে

এদিকে যুদ্ধের ধাক্কায় বিপর্যস্ত ইরানের মূল্যস্ফীতি সামান্য কমেছে। দেশটির কেন্দ্রীয় ব্যাংকের গভর্নর আবদোলনাসের হেম্মাতি বলেছেন, গত ১৫ মাসে এই প্রথম এমন প্রবণতা দেখা গেল।

আধা-সরকারি তাসনিম নিউজ এজেন্সির উদ্ধৃতি দিয়ে তিনি বলেন, 'সেপ্টেম্বরে পয়েন্ট-টু-পয়েন্ট মূল্যস্ফীতি সামান্য কমেছে। আগস্টের ৮৪ দশমিক ৪ শতাংশ থেকে সেপ্টেম্বরে তা ৮৩ দশমিক ৮ শতাংশে নেমেছে।' তিনি বলেন, 'কমাটা সামান্য হলেও এই নিম্নমুখী প্রবণতা খুবই গুরুত্বপূর্ণ।' এর মধ্যেই ইরানের বন্দরগুলোতে নৌ অবরোধের পাশাপাশি নতুন নিষেধাজ্ঞা আরোপে 'অপারেশন ইকোনমিক আউটকাস্ট' শুরু করেছে যুক্তরাষ্ট্র। এতে কয়েক দশকের পুরোনো নিষেধাজ্ঞায় জর্জরিত ইরানের অর্থনীতির ওপর চাপ আরো বেড়েছে।

# নিরাপদ হোক নারী শিক্ষার্থীর পথ

**আমানুর রহমান**

শিক্ষাঙ্গনে যাওয়ার পথ আজ নারী শিক্ষার্থীদের জন্য আতঙ্কের সমার্থক হয়ে দাঁড়িয়েছে। পথেঘাটে প্রতিনিয়ত বখাটেদের বিকৃত মানসিকতার শিকার হতে হচ্ছে তাদের। শারীরিক ও মানসিক জঘন্য হেনস্তা কেবল তাদের পথকেই অবরুদ্ধ করছে না, বরং ভবিষ্যৎ গড়ার স্বপ্নকেও গলা টিপে হত্যা করছে।

পৈশাচিকতার মাত্রা এখানেই থেমে থাকছে না। বখাটেরা হেনস্তার দৃশ্য নির্লজ্জভাবে ভিডিও করে ছড়িয়ে দিচ্ছে বিভিন্ন সামাজিক যোগাযোগমাধ্যমে। প্রযুক্তির চরম অপব্যবহার একজন শিক্ষার্থীর আত্মসম্মানবোধকে পুরোপুরি চূর্ণবিচূর্ণ করে দিচ্ছে।

সামাজিক লজ্জার ভয়ে অনেক মেয়েই নিজেকে গুটিয়ে নিতে বাধ্য হচ্ছে, যা কোনোভাবেই সভ্য সমাজের প্রতিচ্ছবি হতে পারে না।

এমন ভয়াবহ ব্যাধি থেকে সমাজকে বাঁচাতে এখনই কঠোর পদক্ষেপ গ্রহণ করা জরুরি। নারী শিক্ষার্থীদের নির্বিঘ্ন চলাচলের জন্য সংশ্লিষ্ট প্রশাসনকে সর্বোচ্চ নিরাপত্তা নিশ্চিত করতে হবে। পাশাপাশি বখাটেদের দ্রুত আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করা এখন সময়ের সবচেয়ে জোরালো দাবি।- শিক্ষার্থী, হাবিবুল্লাহ বাহার কলেজ, ঢাকা।

# প্রযুক্তির অপব্যবহার

**সাইফুল ইসলাম**

আমরা এমন এক সময়ে বসবাস করছি, যখন একটি ছবি তৈরি করতে ক্যামেরার প্রয়োজন হয় না, একটি ভিডিও বানাতে ঘটনাস্থলে যাওয়ার প্রয়োজন হয় না, এমনকি কোনো ব্যক্তির কণ্ঠস্বর নকল করতেও তার সামনে উপস্থিত থাকার প্রয়োজন নেই। কৃত্রিম বুদ্ধিমত্তা বা অৎঃরভরপরধষ ওহঃবষষরমবহপব (অও) মানুষের জীবনকে যেমন সহজ করেছে, তেমনি এর অপব্যবহার তৈরি করেছে নতুন ধরনের নৈতিক ও সামাজিক সংকট। বিশেষ করে এআই নির্মিত ছবি, ভিডিও, অডিও এবং ডিপফেকের মাধ্যমে মিথ্যা তথ্য ছড়িয়ে পড়ছে দ্রুত গতিতে। সম্প্রতি আমাদের বাংলাদেশেও এআই নির্মিত কন্টেন্ট ও অনলাইন বিভ্রান্তিকর তথ্য নিয়ে একাধিক ঘটনা আলোচনায় এসেছে।

প্রশ্ন হলো- এই প্রযুক্তির যুগে আমাদের দায়িত্ব কী? ইসলাম প্রযুক্তির বিরোধিতা করে না। বরং যে প্রযুক্তি মানুষের কল্যাণে ব্যবহৃত হয়, তা আল্লাহর দেয়া জ্ঞান ও সামর্থ্যরে একটি নিয়ামত হতে পারে। কিন্তু কোনো নিয়ামত যখন অন্যায়, প্রতারণা, অপবাদ, গুজব কিংবা মানুষের ক্ষতির হাতিয়ারে পরিণত হয়, তখন সেটিই পরিণত হতে পারে গুনাহের মাধ্যমে।

খবর পেলেই শেয়ার করা কি উচিত? সামাজিক যোগাযোগমাধ্যমের যুগে আমরা প্রতিদিন অসংখ্য পোস্ট, ছবি, ভিডিও ও সংবাদ পাই। অনেক সময় যাচাই না করেই সেগুলো অন্যদের কাছে পাঠিয়ে দেই। অথচ কুরআন আমাদের সর্তক করে বলেছে, "হে মুমিনগণ! কোনো পাপাচারী যদি তোমাদের কাছে কোনো সংবাদ নিয়ে আসে, তবে তোমরা তা যাচাই করে দেখো।" (সূরা: আল-হুজরাত, আয়াত: ৬)

এই আয়াত শুধু প্রাচীন যুগের সংবাদ আদান-প্রদানের ক্ষেত্রে প্রযোজ্য নয়; বরং আধুনিক ডিজিটাল যুগে এর গুরুত্ব আরও বেড়েছে। কারণ আজ একটি মিথ্যা সংবাদ কয়েক মিনিনিটর মধ্যে লাখো মানুষের কাছে পৌঁছে যেতে পারে। আগে একটি গুজব ছড়াতে একজন মানুষের মুখ ও একটি নির্দিষ্ট এলাকার প্রয়োজন হতো। এখন একটি মোবাইল ফোনই যথেষ্ট। একটি মিথ্যা পোস্ট, একটি সম্পাদিত ছবি কিংবা এআই দিয়ে তৈরি একটি ভিডিও মুহূর্তের মধ্যে মানুষের বিশ্বাসকে প্রভাবিত করতে পারে। তাই কোনো শেয়ার করার আগে অন্তত নিজেকে প্রশ্ন করা উচিত যে, আমি কি এর সত্যটা যাচাই করেছি?

এআই দিয়ে মিথ্যা বানানো কতটা ভয়ংকর? এআই নিজে ভালো বা মন্দ নয়। এটি একটি প্রযুক্তি। ছুরি দিয়ে যেমন ফল কাটা যায়, আবার মানুষকে আঘাতও করা যায়, তেমনি এআই দিয়ে শিক্ষা, চিকিৎসা, গবেষণা ও সৃজনশীল কাজে সহায়তা নেয়া যায়; আবার মিথ্যা সংবাদ, প্রতারণা ও অপমানজনক কন্টেন্টও তৈরি করা যায়। সবচেয়ে ভয়ংকর বিষয় হলো- অনেক সময় এআই নির্মিত ছবি বা ভিডিও এতটাই বাস্তব মনে হয় যে সাধারণ মানুষের পক্ষে সত্য-মিথ্যা বোঝা কঠিন হয়ে পড়ে। টঘঊঝঈঙ ও অও সামাজিক যোগাযোগমাধ্যমের যুগে সরংরহভড়ৎসধঃরড়হ ও ফরংরহভড়ৎসধঃরড়হ মোকাবেলায় গণমাধ্যম ও তথ্য-সচেতনতার প্রয়োজনীয়তার কথা বলছে। কিন্তু একজন মুসলমানের জন্য বিষয়টি শুধু প্রযুক্তিগত নয়; এটি ঈমানি দায়িত্বেরও বিষয়।

কারও বিরুদ্ধে মিথ্যা অভিযোগ করা, তার কণ্ঠস্বর নকল করে বক্তব্য বানানো, তার ছবি বিকৃত করা কিংবা এমন কোনো ভিডিও ছড়িয়ে দেয়া যাতে তার সম্মান ক্ষুণ্ন হয়- এসব নিছক 'মজা' নয়। এগুলোর পেছনে মানুষের ইজ্জত, অধিকার ও ভবিষ্যৎ জড়িয়ে থাকতে পারে।

'শেয়ার' করার দায় কি শেয়ারকারীরও আছে? অনেকে মনে করেন, "আমি তো বানাইনি, শুধু শেয়ার করেছি।" কিন্তু ইসলাম দায়িত্বকে এত সহজভাবে দেখেনি। মহানবী (সা.) বলেছেন, "কোনো ব্যক্তির মিথ্যাবাদী হওয়ার জন্য এতটুকুই যথেষ্ট যে, সে যা শোনে তাই বর্ণনা করে।" (সহিহ মুসলিম)

আজকের ভাষায় বলা যায়, যাচাই না করে পাওয়া তথ্য ফরওয়ার্ড করাও দায়িত্বহীনতার পরিচয়। একটি মিথ্যা তথ্য আপনি তৈরি করেননি- এটি সত্য। কিন্তু আপনি যদি জানার চেষ্টা না করেই সেটিকে ছড়িয়ে দেন, তাহলে সে মিথ্যার বিস্তারে আপনার ভূমিকা তৈরি হতে পারে। সুতরাং একজন সচেতন মানুষের নীতি হওয়া উচিত- "আগে যাচাই, পরে শেয়ার।" গুজব শুধু একটি তথ্য নয়, কখনো একটি অস্ত্র: গুজবের কারণে পরিবার ও সমাজে নানা অশান্তি দেখা দিতে পারে। এমনকি রাষ্ট্রের ভিতরে ধর্মীয় ও সাম্প্রদায়িক উত্তেজনাও তৈরি হতে পারে। পবিত্র কুরআন মানুষের সম্মান রক্ষার ব্যাপারে অত্যন্ত কঠোর। মহান আল্লাহ বলেন, "তোমরা একে অপরের পশ্চাতে নিন্দা করো না।" (সূরা: আল-হুজরাত, আয়াত: ১২)

এখানে গিবত নিষিদ্ধ করা হয়েছে। কিন্তু আমাদের ডিজিটাল জীবনে গিবত, অপবাদ ও কুৎসা যেন নতুন রূপ পেয়েছে। আগে কয়েকজন মানুষ বসে কারও সমালোচনা করত; আর এখন একটি ফেইসবুক পোস্টের মাধ্যমে কোটি কোটি মানুষের সামনে একজনকে হেয় করা সম্ভব। তাই 'ডিজিটাল গিবত, ডিজিটাল অপবাদ কিংবা ডিজিটাল প্রতারণা'- শব্দগুলো কুরআন-হাদিসের ভাষা না হলেও এর অন্তর্নিহিত নৈতিক সমস্যাগুলো ইসলামের পরিচিত নিষিদ্ধ কাজের সঙ্গেই সম্পর্কিত।

প্রযুক্তি ব্যবহার করব, কিন্তু বিবেক হারব না: এআই আমাদের শত্রু নয়। বরং এটি শিক্ষা, গবেষণা, চিকিৎসা, অনুবাদ, লেখালেখি ও তথ্য বিশ্লেষণে মানুষের জন্য বড় সহায়ক হতে পারে। কিন্তু প্রযুক্তি যত শক্তিশালী হবে, ব্যবহারকারীর নৈতিক দায়িত্বও তত বাড়বে। সুতরাং এআই ব্যবহারে আমাদের বিবেক যেন বর্জিত না হয় সেদিকে খেয়াল রাখতে হবে। কেননা বিবেকবর্জিত প্রযুক্তির ব্যবহার সমাজের জন্য ভয়াবহ পরিণতি ডেকে আনতে পারে।

আঙ্গুলের একটি স্পর্শ, কিন্তু আমলনামায় কী লেখা হচ্ছে? সামাজিক যোগাযোগমাধ্যমে আমরা অনেক সময় না ভেবেই লাইক, কমেন্ট, শেয়ার কিংবা ফরওয়ার্ড করি। অথচ কুরআন ঘোষণা করেছে, "মানুষ যে কথাই উচ্চারণ করে, তার কাছে একজন প্রহরী প্রস্তুত থাকে। (সূরা: ক্বাফ, আয়াত: ১৮)

আজকের এই ডিজিটাল যুগে এই আয়াতের শিক্ষা আমাদের নতুনভাবে উপলব্ধি করতে হবে। আমাদের মুখের কথাই শুধু নয়- আমাদের লেখা, মন্তব্য, প্রচার ও মানুষের কাছে পৌঁছে দেয়া তথ্যও আমাদের নৈতিক দায়িত্বের অংশ। একটি ক্লিক হয়তো এক সেকেন্ডের। কিন্তু তার প্রভাব হতে পারে বছরের পর বছর। একটি মিথ্যা পোস্ট কারও সম্মান নষ্ট করতে পারে। একটি গুজব একটি পরিবারকে অশান্ত করতে পারে। একটি উসকানিমূলক ভিডিও সমাজে বিভাজন তৈরি করতে পারে। তাই পোস্ট করার আগে এক মুহূর্ত থামা জরুরি। এটি কি সত্য? এটি কি প্রয়োজনীয়? এটি কি কারও ক্ষতি করবে? এটি কি আল্লাহর কাছে আমাকে জবাবদিহির মুখোমুখি করবে?

প্রযুক্তির পৃথিবী দ্রুত বদলে যাচ্ছে। হয়তো আগামী দিনে এআই আরও শক্তিশালী হবে। ছবি, কণ্ঠস্বর ও ভিডিওর সত্যতা যাচাই আরও কঠিন হয়ে উঠবে। কিন্তু একজন মুমিনের জন্য সত্যের সংজ্ঞা বদলাবে না। কুরআনের শিক্ষা বদলাবে না। আমানতের গুরুত্ব বদলাবে না। মিথ্যা, অপবাদ ও প্রতারণার নিষেধাজ্ঞাও বদলাবে না। তাই ভবিষ্যতের মুসলমানকে শুধু প্রযুক্তি-সচেতন হলেই চলবে না; তাকে নৈতিকভাবে প্রযুক্তি সচেতন হতে হবে।

আমাদের হাতে স্মার্টফোন থাকবে, কিন্তু বিবেকও থাকতে হবে। এআই থাকবে, কিন্তু তাকওয়াও থাকতে হবে। অসংখ্য তথ্য থাকবে, কিন্তু সত্য-মিথ্যা যাচাই করার অভ্যাসও থাকতে হবে। কারণ দিন শেষে মানুষ হয়তো ভুলে যাবে আমরা কী পোস্ট করলাম; কিন্তু আল্লাহর কাছে আমাদের প্রতিটি কাজের হিসাব সংরক্ষিত থাকবে। মনে রাখতে হবে, একটি পোস্ট হয়তো কয়েক সেকেন্ডে হারিয়ে যাবে; কিন্তু তার দায় থেকে যেতে পারে আমলনামায়। ডিজিটাল পৃথিবীতে একজন মুসলমানের প্রকৃত পরিচয় তার অনুসারীর সংখ্যা, জনপ্রিয়তা কিংবা কত মানুষ তার পোস্টে প্রতিক্রিয়া জানাল- তা দিয়ে নির্ধারিত হয় না। বরং তার প্রকৃত পরিচয় ফুটে ওঠে প্রতিটি শব্দের সত্যবাদিতায়, প্রতিটি পোস্টের দায়িত্বশীলতায়, প্রতিটি মন্তব্যের শালীনতায় এবং প্রতিটি ক্লিকের পেছনে থাকা আল্লাহভীতিতে। সুতরাং, প্রযুক্তি আমাদের হাতে থাকুক, কিন্তু নিয়ন্ত্রণ থাকুক বিবেকের; আর বিবেক পরিচালিত হোক তাকওয়ার আলোয়।

লেখক: আইনবিদ ও শিক্ষক।

# জুলাইয়ের দুর্বলতার পর আগস্টে যুক্তরাজ্যে পোশাক রপ্তানি বেড়েছে

**নিজস্ব প্রতিবেদক**

চলতি ২০২৬-২৭ অর্থবছরের প্রথম মাস জুলাইয়ে কমলেও আগস্টে যুক্তরাজ্যের বাজারে বাংলাদেশের তৈরি পোশাক (আরএমজি) রপ্তানি উল্লেখযোগ্য হারে বেড়েছে। ফলে অর্থবছরের প্রথম দুই মাসে যুক্তরাজ্যে বাংলাদেশের পোশাক রপ্তানি গত বছরের একই সময়ের তুলনায় ৩ দশমিক ৭৪ শতাংশ বেড়েছে।

রপ্তানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) তথ্য অনুযায়ী, ২০২৬২৭ অর্থবছরের জুলাই ও আগস্ট-এই দুই মাসে যুক্তরাজ্যে বাংলাদেশের তৈরি পোশাক রপ্তানি হয়েছে ৯১ কোটি ৫৬ লাখ ৩০ হাজার মার্কিন ডলারের। গত অর্থবছরের একই সময়ে রপ্তানি হয়েছিল ৮৮ কোটি ২৬ লাখ ২০ হাজার ডলার। অর্থাৎ এক বছরের ব্যবধানে রপ্তানি বেড়েছে ৩ কোটি ৩০ লাখ ১০ হাজার ডলার। গত অর্থবছর, অর্থাৎ ২০২৫২৬ অর্থবছরে যুক্তরাজ্যে বাংলাদেশের তৈরি পোশাক রপ্তানি থেকে আয় হয়েছিল ৪৩৮ কোটি ৮৫ লাখ ৫০ হাজার ডলার। সেই হিসাবে চলতি অর্থবছরের প্রথম দুই মাসেই গত অর্থবছরের মোট রপ্তানি আয়ের প্রায় ২০ দশমিক ৮৬ শতাংশ অর্জিত হয়েছে।

প্রথম দুই মাসে যুক্তরাজ্যে পোশাক রপ্তানি থেকে বাংলাদেশের গড় মাসিক আয় দাঁড়িয়েছে ৪৫ কোটি ৭৮ লাখ ২০ হাজার ডলার। অন্যদিকে, ২০২৫২৬ অর্থবছরের মোট রপ্তানি আয়কে ১২ মাসে ভাগ করলে মাসিক গড় দাঁড়ায় প্রায় ৩৬ কোটি ৫৭ লাখ ১০ হাজার ডলার। অর্থাৎ গত অর্থবছরের মাসিক গড়ের তুলনায় চলতি অর্থবছরের প্রথম দুই মাসের গড় রপ্তানি আয় বেশি। তবে প্রথম দুই মাসের এই প্রবৃদ্ধি সমানভাবে আসেনি। জুলাইয়ে যুক্তরাজ্যে বাংলাদেশের পোশাক রপ্তানি গত বছরের একই মাসের তুলনায় ২ দশমিক ৪৪ শতাংশ কমেছিল। পরের মাস আগস্টে রপ্তানি বেড়েছে ১০ দশমিক ৫৩ শতাংশ। ফলে জুলাইয়ের নেতিবাচক প্রবৃদ্ধি কাটিয়ে দুই মাসের সম্মিলিত রপ্তানিতে ইতিবাচক প্রবৃদ্ধি এসেছে। এ বিষয় বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি (বিজিএমইএ) সাবেক পরিচালক ও বাংলাদেশ অ্যাপারেল ভয়েসের প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) মহিউদ্দিন রুবেল বলেন, আগস্টের শক্তিশালী প্রবৃদ্ধিই মূলত প্রথম দুই মাসের সম্মিলিত রপ্তানিকে ইতিবাচক রেখেছে। তবে বছরের শুরুতে দুই মাসের তথ্য দিয়ে পুরো অর্থবছরের প্রবণতা সম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্তে পৌঁছানো যাবে না; পরবর্তী মাসগুলোতে রপ্তানির ধারাবাহিকতা গুরুত্বপূর্ণ হবে।

বাংলাদেশের তৈরি পোশাকের অন্যতম গুরুত্বপূর্ণ বাজার যুক্তরাজ্য। দেশটির বাজারে রপ্তানির প্রবৃদ্ধি ধরে রাখা বাংলাদেশের পোশাক খাতের জন্য গুরুত্বপূর্ণ। বিশেষ করে বছরের বাকি সময়ে অর্ডারের প্রবাহ, বৈশ্বিক পোশাকের চাহিদা, ক্রেতাদের ক্রয়াদেশ এবং আন্তর্জাতিক বাজারের প্রতিযোগিতার ওপর রপ্তানির ধারাবাহিকতা অনেকটাই নির্ভর করবে।

চলতি অর্থবছরের প্রথম দুই মাসের তথ্য বলছে, গত জুলাইয়ে যুক্তরাজ্যের বাজারে ৪৫ কোটি ৮ লাখ ২০ হাজার ডলারের পোশাক (ওভেন ও নিট পণ্য) রপ্তানি হয়েছে। আগের বছরের একই মাসে যা ছিল ৪৬ কোটি ২০ লাখ ৮০ হাজার ডলারের। অর্থাৎ গত বছরের জুগাইয়ের তুলনায় এবারের জুলাইয়ে এই বাজারে পোশাক রপ্তানি কমেছিল ২ দশমিক ৪৪ শতাংশ। তবে আগস্ট মাসে গত বছরের একই মাসের ৪২ কোটি ৫ লাখ ৪০ হাজার ডলারের চেয়ে ১০ দশমিক ৫৩ শতাংশ বেড়ে ৪৬ কোটি ৪৮ লাখ ১০ হাজার ডলারে উন্নতি হয়েছে।

# এবার ধানমন্ডিতে 'জয় বাংলা' স্লোগানে মিছিল, হাতবোমা বিস্ফোরণ

**নিজস্ব প্রতিবেদক**

ঢাকার ধানমন্ডি ২৭ নম্বর সড়ক এলাকায় কার্যক্রমের নিষিদ্ধ থাকা আওয়ামী লীগের নেতাকর্মীরা ঝটিকা মিছিল করেছে বলে জানিয়েছে পুলিশ।

শনিবার বেলা সোয়া ১২ টার দিকে ওই মিছিল থেকে ৪টি হাতবোমার বিস্ফোরণ ঘটানোর তথ্য দিয়েছেন ধানমন্ডি থানার ওসি মুহাম্মদ ইমদাদুল ইসলাম।

তিনি বলেন, "একদল লোক মিছিল করার উদ্দেশ্যে জড়ো হলে, পুলিশ তাদেরকে ছত্রভঙ্গ করে দেয়। সে সময় হাতবোমার বিস্ফোরণ ঘটানো হয়।" ঘটনাস্থল থেকে ৩ জনকে আটক করা হয় বলেও জানিয়েছেন ওসি মুহাম্মদ ইমদাদুল ইসলাম। মিছিলের ব্যানারে মোহাম্মদপুর থানা আওয়ামী লীগ লেখা দেখা গেছে। এ ঘটনার একটি ভিডিওতে দেখা গেছে, একদল মানুষ 'জয় বাংলা' স্লোগান দিয়ে মিছিল নিয়ে সামনে এগিয়ে যাচ্ছেন। প্রত্যক্ষ্যদর্শীরা জানিয়েছেন, মিছিলটি ইবনেসিনা হাসপাতালের পাশ থেকে শুরু হয়ে ২৭ নম্বর সড়কের বাটার বিক্রয়কেন্দ্রের সামনে গেলে পুলিশ তাদেরকে ধাওয়া দেয়। এ সময় একাধিক হাতবোমার বিস্ফোরণ ঘটনানো হয়। আটকদের বিষয়ে যাচাই-বাছাই করে প্রয়োজনীয় আইনি ব্যবস্থা নেওয়ার কথা বলেছেন ওসি ইমদাদুল। গত ১১ সেপ্টেম্বর রাজধানীর গুলশানে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ ও এর অঙ্গসংগঠনের নেতা-কর্মীরা ঝটিকা মিছিলের চেষ্টা করেন। ওই সময় হাতবোমা বিস্ফোরণ ঘটানো হয় এবং পুলিশের রাবার বুলেট ছোড়ার ঘটনাও ঘটে। এ ঘটনায় করা মামলায় এ পর্যন্ত মোট ১৭৯ জনকে গ্রেপ্তারের কথা বলেছে পুলিশ। তাদের কয়েকজনকে রিমান্ডে নিয়ে জিজ্ঞাসাবাদও করেছে পুলিশ। মিছিল নিয়ে ব্যাপক আলোচনার মধ্যে গুলশান থানার ওসি মো. দাউদ হোসেনকে এবং গুলশান বিভাগের ডিসি এম তানভীর আহমেদকে প্রত্যাহার করা হয়।

# ডেঙ্গুতে বেশি আক্রান্ত পুরুষ মৃত্যু বেশি নারীর

**নিজস্ব প্রতিবেদক**

চলতি বছর দেশে ডেঙ্গুতে আক্রান্তের সংখ্যা পুরুষের মধ্যে বেশি হলেও মৃত্যুর সংখ্যায় এগিয়ে রয়েছেন নারীরা। গত ১ জানুয়ারি থেকে ২৪ সেপ্টেম্বর পর্যন্ত ডেঙ্গু নিয়ে হাসপাতালে ভর্তি হওয়া মোট রোগীদের মধ্যে পুরুষ ৪৩ হাজার ৬৪ জন এবং নারী ২৫ হাজার ৮৪৪ জন। অর্থাৎ পুরুষ আক্রান্তের সংখ্যা নারীর চেয়ে ১৭ হাজার ২২০ জন বেশি।

তবে, একই সময়ে ডেঙ্গুতে মোট ২০৯ জনের মৃত্যু হয়েছে, যার মধ্যে লিঙ্গভিত্তিক হিসাবে নারী ১১১ জন এবং পুরুষ ৯৮ জন। অর্থাৎ আক্রান্ত কম হলেও মৃত্যুর সংখ্যায় নারী পুরুষের চেয়ে ১৩ জন বেশি। স্বাস্থ্য অধিদপ্তরের ডেঙ্গুবিষয়ক নিয়মিত বুলেটিনের তথ্যানুযায়ী, চলতি বছরের ১ জানুয়ারি থেকে ২৪ সেপ্টেম্বর পর্যন্ত মোট ৬৯ হাজার ১৪৯ জন ডেঙ্গু রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন। মোট আক্রান্তের প্রায় ৬২.৫ শতাংশ পুরুষ এবং ৩৭.৫ শতাংশ নারী। বয়সভিত্তিক বিশ্লেষণে দেখা যায়, আক্রান্তের দিক থেকে সবচেয়ে ঝুঁকিতে রয়েছেন ২১২৫ বছর বয়সীরা। এই বয়সে পুরুষ আক্রান্ত ৬ হাজার ৬৯৯ জন এবং নারী ৩ হাজার ২৬৮ জন। এরপর ২৬৩০ বছর বয়সী পুরুষ ৬ হাজার ৪ ৩৩ জন ও নারী ৩ হাজার ৪১৬ জন। ১৬-২০ বছর বয়সী পুরুষ ৬ হাজার ২৯৩ জন ও নারী ৩ হাজার ৭৮ জন; ৩১৩৫ বছর বয়সী পুরুষ ৪ হাজার ১০২ জন ও নারী ২ হাজার ৭৩২ জন এবং ৩৬৪০ বছর বয়সী পুরুষ ৩ হাজার ৬৩৫ জন ও নারী ২ হাজার ৪৫০ জন আক্রান্ত হয়েছেন।

২৪ সেপ্টেম্বরের সর্বশেষ ২৪ ঘণ্টায় ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হন ১ হাজার ৭৮২ জন। তাদের মধ্যে পুরুষ ১ হাজার ৬৮ জন এবং নারী ৭১৪ জন।

এই সময়ে বিভাগভিত্তিক ভর্তির চিত্রে দেখা যায়ড় ঢাকা বিভাগে ৭১৬ জন, চট্টগ্রামে ২৮৮ জন, খুলনায় ২৮৬ জন, বরিশালে ১৬৪ জন, রাজশাহীতে ১৩০ জন, ময়মনসিংহে ১০৮ জন, রংপুরে ৭৩ জন এবং সিলেটে ১৭ জন ডেঙ্গু রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন। চলতি বছর ডেঙ্গু নিয়ে হাসপাতালে ভর্তি হওয়া রোগীদের মধ্যে ৬৩ হাজার ৮৭৪ জন ইতোমধ্যে সুস্থ হয়ে ছাড়পত্র পেয়েছেন। বর্তমানে দেশের বিভিন্ন হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন ৫ হাজার ৬৬ জন।

মৃত্যুর ভিন্ন চিত্র


আক্রান্তের ক্ষেত্রে পুরুষের আধিক্য থাকলেও প্রাণহানির চিত্রে নারীরা এগিয়ে। চলতি বছর ডেঙ্গুতে মোট ২০৯ জনের মৃত্যু হয়েছে। এর মধ্যে পুরুষের মৃত্যু ৯৮ জন এবং নারীর ১১১ জন। বয়সভিত্তিক পরিসংখ্যানে সবচেয়ে বেশি ২৫ জনের মৃত্যু হয়েছে ২৬৩০ বছর বয়সীদের মধ্যে, যার মধ্যে নারী ১৪ জন ও পুরুষ ১১ জন। এছাড়া, ৩৬৪০ বছর বয়সে ২১ জন (নারী ১১, পুরুষ ১০), ৩১৩৫ বছর বয়সে ২০ জন (নারী ১৩, পুরুষ ৭) এবং ৪৬-৫০ বছর বয়সে ১৯ জন (নারী ১৩, পুরুষ ৬) মারা গেছেন। তবে, ৪১৪৫ বছর বয়সে চিত্রটি উল্টো; সেখানে ৭ জন নারীর বিপরীতে পুরুষ মারা গেছেন ১১ জন। সর্বশেষ ২৪ ঘণ্টায় (২৪ সেপ্টেম্বর) ডেঙ্গুতে মারা গেছেন আটজন, যার মধ্যে নারী ছয়জন এবং পুরুষ দুজন। অর্থাৎ ২৪ ঘণ্টায় নারীর মৃত্যু পুরুষের তিন গুণ। আক্রান্ত এই আটজনের মধ্যে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন ও খুলনা বিভাগে তিনজন করে এবং ঢাকা উত্তর সিটি করপোরেশন ও ময়মনসিংহ বিভাগে একজন করে মারা গেছেন। ১ জানুয়ারি থেকে ২৪ সেপ্টেম্বর পর্যন্ত দুই সিটি করপোরেশনসহ শুধু ঢাকা বিভাগেই ডেঙ্গুতে ১০০ জনের মৃত্যু হয়েছে। এর মধ্যে দুই সিটি করপোরেশন এলাকায় মারা যাওয়া ৮৯ জনের মধ্যে পুরুষ ৩৪ জন ও নারী ৫৫ জন। অর্থাৎ ঢাকার দুই সিটি করপোরেশনে নারীদের মৃত্যুর সংখ্যা পুরুষের চেয়ে ২১ জন বেশি। অন্যদিকে, ঢাকার বাইরের এলাকাগুলোতে মারা যাওয়া ১১৯ জনের মধ্যে পুরুষ ৬৩ জন ও নারী ৫৬ জন।

এছাড়া খুলনা বিভাগে ৩৭ জন, চট্টগ্রামে ২১ জন, ময়মনসিংহে ২০ জন, বরিশালে ১৬ জন, রাজশাহীতে ১০ জন, রংপুরে চারজন এবং সিলেটে একজনের মৃত্যু হয়েছে।

সেপ্টেম্বরেই অর্ধেকের বেশি মৃত্যু

চলতি বছর ডেঙ্গুতে মৃত্যুর বড় অংশই ঘটেছে চলতি সেপ্টেম্বর মাসে। সেপ্টেম্বরের প্রথম ২৪ দিনেই ১১৩ জনের মৃত্যু হয়েছে, যা বছরের মোট ২০৯টি মৃত্যুর অর্ধেকেরও বেশি (প্রায় ৫৪ শতাংশ)। এর আগে আগস্টে ৪৩ জন, জুলাইয়ে ৩৬ জন, জুনে ১২ জন, জানুয়ারি ও ফেব্রুয়ারিতে দুজন করে এবং মে মাসে একজনের মৃত্যু হয়েছিল।




## মালাপাড়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা

গ্রাম: মালাপাড়া, পো: নাসিরকোর্ট, উপজেলা: হাজীগঞ্জ, জেলা: চাঁদপুর। ০১৯২৪৬৬২১৭৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

চাঁদপুর জেলার হাজীগঞ্জ উপজেলাধীন মালাপাড়ায় অবস্থিত, মালাপাড়া ইসলামিয়া দাখিল মাদ্রাসার জন্য নিম্নবর্ণিত পদে শিক্ষক ও কর্মচারী নিয়োগ করা হবে।

| পদের নাম | শিক্ষাগত যোগ্যতা | পদ সংখ্যা | শর্তাবলী |
|---|---|---|---|
| সুপারিনটেনডেন্ট | কামিল/সমমান ডিগ্রী | সকল পদে ০১ (এক) জন (বেতন : আলোচনা সাপেক্ষে) | ১। আবেদন শুরু : ০১ সেপ্টেম্বর ২০২৬, আবেদন শেষ তারিখ : ৩০ সেপ্টেম্বর ২০২৬<br>২। শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা, বেসরকারি শিক্ষা কাঠামো ২০২৬ ও এনটিআরসিএ এর নিবন্ধন সনদধারীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>৩। আবেদনের সাথে প্রার্থীর ০২ কপি রঙিন ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত ফটোকপি ও জাতীয় পরিচয়পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে।<br>৪। সদস্য সচিব, মালাপাড়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা, গ্রাম: মালাপাড়া বরাবর আবেদন করতে হবে।<br>৫। কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিটি বাতিল, সংরক্ষণ, পরিবর্তন ও পরিবর্ধনের অধিকার সংরক্ষণ করেন। |
| সুপারিনটেনডেন্ট | কামিল/সমমান ডিগ্রী | | |
| সহকারী মৌলভী (আল কুরআন) | কামিল/সমমান ডিগ্রী | | |
| সহকারী মৌলভী (আল হাদীস) | কামিল/সমমান ডিগ্রী | | |
| সহকারী মৌলভী (আরবী) | নূরানী/হিফজ/ক্বিরাতসহ মালাপাড়া ইসলামিয়া দাখিল মাদ্রাসার নিয়ম অনুযায়ী | | |
| সহকারী মৌলভী (ফিকহ/আকাইদ/দাওরাহ) | সংশ্লিষ্ট বিষয়ে ১০০ নম্বরের স্নাতক ডিগ্রি/সমমান | | |
| সহকারী শিক্ষক (ক্বারী) | সংশ্লিষ্ট বিষয়ে ১০০ নম্বরের স্নাতক ডিগ্রি/সমমান | | |
| সহকারী শিক্ষক (বাংলা) | সংশ্লিষ্ট বিষয়ে ১০০ নম্বরের স্নাতক ডিগ্রি/সমমান | | |
| সহকারী শিক্ষক (ইংরেজি) | সংশ্লিষ্ট বিষয়ে ১০০ নম্বরের স্নাতক ডিগ্রি/সমমান | | |
| নৈশ প্রহরী | জেডিসি/এসএসসি/মাদ্রাসা শিক্ষা কর্তৃক সমমান | | |
| আয়া | জেডিসি/এসএসসি/মাদ্রাসা শিক্ষা কর্তৃক সমমান | | |

কর্তৃপক্ষ
মালাপাড়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা

